ধর্ম্মানুষ্ঠান।

প্রথম খণ্ড

নিত্য-কর্ত্তব্য।

শ্রীনুটুগোপাল তন্ত্ররত্ন এ, এন্, এস্, এ, কর্ত্তৃক
সঙ্কলিত
ও
প্রকাশিত।

মুর্শিদাবাদ—লালগোলা।

১৯১৪ সাল।

দক্ষিণা ১৲ এক টাকা।

গ্রন্থকারের বংশ-পরিচয়।

নিজের জীবনী নিজে কি লিখিব ভাবিয়া পাই না, দেখায় মন্দ বলিয়া নহে আমার কিছু মূলধন নাই যে লিখি, তবে গর্ব্বের মধ্যে মহাপুরুষদের শোণিত ধমণীতে; জানিনা কোন পুণ্যফলে এই একমাত্র গর্ব্বের বস্তুটী প্রাপ্ত হইয়াছি, আর জানিনা কোন কর্ম্মফলে এই প্রাতঃস্মরণীয় মহাপুরুষদের বংশে এ অধম স্থান প্রাপ্ত হইয়া তাঁহাদের কে কলঙ্কিত করিল। আমি যাহা পাইয়াছি, তাহাই আমার পক্ষে বামনের চন্দ্র পাওয়া। দেব সদৃশ মহাপুরুষদের যত্নে বাল্যে লালিত ও বর্দ্ধিত হইয়াছি ইহাই আমার গৌরবের স্মৃতি! আমার ন্যায় মন্দ ভাগ্য বোধ হয় কেহই নাই, স্বর্গীয় মহাত্মাদিগের দ্বারা নির্ব্বাচিত হইয়া যাহাকে পত্নীরূপে প্রাপ্ত হইয়াছিলাম এবং যিনি সংসারে আমার শান্তিরূপিণী ছিলেন, সহিষ্ণুতার চরমসীমা দেখাইয়া তিনিও আজ পার্থিব লোচনের অগম্য স্থানে গমন করিয়াছেন। আমার এখন স্মৃতিই মধুর, আবার আমার স্মৃতিই কষ্টদায়ক, যাহা হউক যাঁহাদের পবিত্র শোণিত বলে জীবিত আছি, তাঁহাদের পরিচয় দিবার ক্ষমতা আমার নাই তবু পুণ্যশ্লোকের উচ্চারণের ন্যায় আমি তাঁহাদের নাম উল্লেখ করিয়া যাহা আমার সামান্য বুদ্ধিতে যোগাইল তাহাই লিপিবদ্ধ করিলাম। এ বংশে পুনরায় কোন মহাপুরুষের আবির্ভাব হইলে ইহা তাঁহার কোন না কোন উপকারে আসিতে পারে ইহাই আমার আনন্দের কল্পনা।

আজকাল সংসারে সকলেই নিজ প্রতিপত্তি সম্মান নাম ইত্যাদির জন্য ব্যাকুল। এইরূপ ব্যক্তিদিগের পরিচয় সাধারণের কর্ণে আইসে কিন্তু যে মহাত্মাদিগের জীবন একটী ব্রত তাঁহারা সাধারণের অগোচরে থাকিতেই ভালবাসেন, বোধ হয় সংসারে মিশিলে, এ সংসারের আবিলতা স্পর্শ করে এই আশঙ্কায় তাঁহারা নিজ নিজ কর্ত্তব্য সমাপন করিয়া অলক্ষিতে জীবনব্রত উদ্‌যাপন করতঃ নির্ব্বাণ মুক্তি লাভ করেন।

মুর্শিদাবাদের সন্নিকট পলাশীর পার্শ্ববর্ত্তী মহম্মপুর গ্রামে সাধক শিরোমণি শ্রীকান্ত ভট্টাচার্য্য স্মার্ত্ত বাচস্পতির জন্ম হয়। মহম্মপুর গ্রাম গঙ্গার পূর্ব্বপারে অবস্থিত। এককালে গ্রামটীতে বহু নিষ্ঠাবাণ মহাত্মার বাস ছিল। শুনা যায় গ্রামটীতে এত অধিক সংখ্যক ব্রাহ্মণ পণ্ডিতের বাস ছিল যে প্রভাতে ছাত্রদিগের পাঠ ধ্বনি ভিন্ন কিছুই শুনা যাইত না। এক্ষণে পুরাতন গ্রাম গঙ্গার পশ্চিম ধারে গিয়াছে। এই গ্রামের ভঙ্গপ্রবণ অবস্থায় মহুলার উৎপত্তি, মহুলার উন্নতির অবস্থা এখনও অনেকের স্মৃতিতে আছে কিন্তু মহম্মপুর এখন বেলডাঙ্গায় শ্মশানঘাট ভিন্ন কোন কিছুই নাই। কালের গতিতে কোন স্থান কি মত পরিবর্ত্তন হইতেছে তাহা কে বলিতে পারে। এককালে যে গ্রাম ব্রাহ্মণ বালকদিগের বেদধ্বনি ও শাস্ত্র চর্চ্চায় মুখরিত হইত আজ তাহা শববাহক-দিগের অন্তিম হরি ধ্বনিতে আলোরিত হইতেছে। যে মার্ত্ত গঙ্গা এক দিন ব্রাহ্মণদিগের সন্ধ্যার্চ্চনা শ্রবণ করিতেন আজ তিনি কেবল অন্তিম তর্পণ বারিতে তৃপ্ত হইতেছেন।

সাধক প্রবর শ্রীকান্ত বঙ্গের বিখ্যাত নৃপতি আদিশূরের আনিত পঞ্চ ব্রাহ্মণ মধ্যে ভট্ট নারায়ণ হইতে পঞ্চ বিংশতি পুরুষ

অধঃস্তন। ইনি সাণ্ডিল্য গোত্রিয়, সামবেদীয়, সাণ্ডিল্যাসিত দেবল প্রবর, সাম বেদান্তর্গত কুতাবি শাখা। ইনি একজন পরম নিষ্ঠাবান সাধক ও তান্ত্রিক ছিলেন। ইহাঁর বাটীতে বিখ্যাত বিল্বমূলে পঞ্চমুণ্ডের আসন পঞ্চাশ বৎসর পূর্ব্বেও বিদ্যমান ছিল। এখনও বহু নরনারী সাধক প্রবরের কথায় ভীত হয়। ইনি অধিকাংশ সময় জপে অতিবাহিত করিতেন। শুনা যায় ইনি শব সাধন করিয়াছিলেন। গঙ্গাতীর এই সকল ক্রিয়ার অনুপযোগী বিশেষতঃ লোক বহুল বিধায় ইনি প্রায় পদ্মা প্রভৃতি অন্য নদীতীরে লোক সমাগম হীন স্থানে অধিকাংশ সময় অতিবাহিত কারতেন। ইনি অত্যন্ত বলশালী ছিলেন কোন বিষয়ে কাহার মুখাপেক্ষী ছিলেন না। প্রাচীন অবস্থায় একস্থান হইতে অন্য স্থান গমনাগমন অসুবিধা বোধে ইনি সুন্দরা নিবাসী মহিমাচরণ রায়কে দীক্ষা দিয়া নিজ ভক্ত উত্তর সাধকরূপে সঙ্গে রাখিতেন। প্রাচীন অবস্থায় সকল স্থানেই মহিমারায় ইহার সঙ্গে থাকিতেন। জানিনা কি গুণে মহিমা রায় ইহাঁর কৃপা লাভ করেন, এই মহিমা রায়ের বংশই বর্ত্তমান লাল গোলার রাজা বাহাদুর। মহিমা রায়ের পূর্ব্ব নিবাস গাজিপুর জেলায় পালীগ্রাম। কি কারণে ইনি স্বদেশ ত্যাগ করিয়া বঙ্গদেশে সুন্দরায় বাস করেন তাহা ঠিক জানা যায় না। ইহাঁরা কৌশিক গোত্র, জমিদার ব্রাহ্মণ (ভূমিহার) ব্রাহ্মণের সকল ক্ষমতা ইহাঁদের নাই, যদিও ইহাঁদের প্রকৃত বিবরণ ঠিক জানা যায় না তথাপি বোধ হয় যে সকল ব্রাহ্মণ নিজ বৃত্তি ত্যাগ করিয়া অন্য বৃত্তি অবলম্বন করিয়াছিলেন অথবা যাঁহারা নিজ তপোবলে সম্যক পারগ না হইলেও ব্রাহ্মণ হইয়াছিলেন ইহারা তাঁহাদেরই বংশধর। ইহাঁদের গোত্র

নানা প্রকারের কৌষিক, দ্রোনোয়ার, রুপোয়ার ইত্যাদি। পশ্চিমের অনেক বড় লোক এই শ্রেণী। তথায় ইহাঁরা ব্রাহ্মণকে প্রণামাদি করেন ; বহু দিনের কথা শিশু অবস্থায় আমি আমার স্বর্গীয় পিতৃদেব সহ কাশীনরেশের নিকট যাই, সেই সময় দেখি মহারাজা রাজাসন হইতে উঠিয়া পিতৃদেবকে ও আমাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করেন ও পিতৃদেব আশীর্ব্বাদ করেন। তদ্‌পরে বিপ্রপাদোদক গ্রহণ করিয়াছিলেন এই সকল হইতে ধারণা যে ইহাঁরা ব্রাহ্মণের সকল ক্ষমতায় অধিকার হীন ব্রাহ্মণ। পূর্ব্বজন্মের সুকৃতি বলেই মহিমাচরণ এ হেন সাধক প্রবরকে ইষ্টদেব পাইয়াছিলেন। ইহাঁরা চিরকাল গুরুবংশের দাসরূপে থাকিয়া সংসারে খ্যাতি অর্জ্জন করিতেছেন। মহিমাচরণ জোত জমা দ্বারা সংসারযাত্রা নির্ব্বাহ করিতেন। এই বংশ এতই গুরুভক্ত যে অদ্যাপি লালগোলার কালী মন্দিরে গুরুদেব শ্রীকান্তের নামীয় শিব গুরুভক্তির নিদর্শন দেদীপ্যমান আছেন। সাধক প্রবর শ্রীকান্ত লোকালয়ে দীর্ঘ সময় কদাপি থাকিতেন, সর্ব্বদায় ইষ্ট চিন্তায় নির্জ্জনে বাস করিতেন। ইহাঁর অনেক সময় পাঠাদিতে ব্যয়িত হইত। এই সাধক শিরোমণির পুত্র পণ্ডিত শ্রীরঘুপতি ন্যায়রত্ন ১০৭৩ সালে মহামপুরে জন্মগ্রহণ করেন ইনি অনেক শাস্ত্রদর্শী এমন কি পারসিক ভাষায় বিশেষ ব্যুৎপত্তি লাভ করিয়াছিলেন, জ্যোতিষ শাস্ত্রেও ইহার যথেষ্ট প্রতিভা ছিল। তীক্ষ্ণ বুদ্ধি সম্পন্ন ও প্রগাঢ় পাণ্ডিত্য দর্শনে সকলেই ইহাঁকে বিশেষ শ্রদ্ধা ও ভক্তির নেত্রে দর্শন করিতেন। তৎকালে নবাব আলীবর্দ্দী এদেশের শাসনকর্ত্তা ছিলেন। তিনি গুণগ্রাহী ছিলেন। ন্যায়রত্ন মহাশয়কে ইনি যথেষ্ট শ্রদ্ধা ও সম্মান করিতেন। নবাব দরবারে

ইহাকে সকলেই বুড়া পণ্ডিত বলিয়া অভিহিত করিত। প্রাচীন তেজস্বী তীক্ষ্ণ বুদ্ধি সম্পন্ন ও বিদ্বান বলিয়া নবাব দরবার হইতে সাধারণে পর্য্যন্ত ইহাকে ভক্তি শ্রদ্ধা ও মান্য করিত। প্রাতঃস্মরণীয়া মহারাণী ভবাণী ইহাকে যথেষ্ট শ্রদ্ধা ভক্তি করিতেন। মহারাণী ইহাঁর অনেক বিষয়ে পরামর্শ লইতেন। সুন্দরা গ্রাম পদ্মায় ভগ্ন হইলে ইনি মহিমা রায়ের পুত্র দলেল রায় ও রাজনাথ রায়কে লালগোলায় বাস করিতে আদেশ করেন। ন্যায়রত্ন মহাশয় তাহার পিতার ন্যায় কঠোর তান্ত্রিক তপস্যায় অনেক সময় অতি-বাহিত করিতেন। সেই সময় পদ্মা বর্ত্তমান লালগোলায় পূর্ব্ব দিকস্থ ভৈরব (দামুষ) নাম্না খাত দিয়া প্রবাহিত হইত। শুনা যায় এইস্থানে অনেক সময় তিনি থাকিতেন। লালগোলা বর্ত্তমান প্রেসিডেন্সি বিভাগের মুর্শিদাবাদ জেলার অন্তর্গত জঙ্গিপুর সব ডিভিসান মধ্যে লালগোলা থানার এলাকাধীন। মুর্শিদাবাদ হইতে প্রায় ১৮ মাইল ও লালগোলা রেলওয়ে ষ্টেশন হইতে ১ মাইল মধ্যে অবস্থিত। গত সেন্সাস্ কালে ইহার লোক সংখ্যা ২৩৯৮ হইয়াছিল, তন্মধ্যে পুরুষ ১২৮২ ও স্ত্রীলোক ১১১৬। ইহার মধ্যে শ্রীমন্তপুর সুদর্শনগঞ্জ, গাবতলা, বোরবুলা, চাওয়া পাড়া, পাহারপুর শিকারপুর প্রভৃতি কয়েকটী বিভাগ আছে। পূর্ব্বকালে এ স্থানটী অতি মনোহর ছিল। দুইদিকে প্রবাহিত নদী, বন উপবন, সুন্দর সুন্দর স্বাভাবিক দৃশ্যের আকর ছিল। জন কোলাহল পূর্ণ মুর্শিদাবাদের সন্নিকটে স্থানটী যে স্পৃহনীয় না হইবে কে বলিতে পারে। ন্যায়রত্ন মহাশয়ের আদেশে তদীয় শিষ্যদ্বয় দলেল রায় ও রাজনাথ রায় লালগোলায় বাসস্থান নির্দ্দেশ করতঃ বাস করিতে আরম্ভ করিয়া, আত্মীয় স্বজনকে সুন্দরা হইতে

আনয়ন করাইয়া বাসস্থান নির্দ্দেশ করিয়া দেন লালগোলায় অধিকাংশ ইহাদের স্বজাতি জমিদার (ভূমিহার) ব্রাহ্মণ। দলেল রায়ের দৈহিক শক্তি ও তেজস্বীতা দর্শনে তাঁহার গুরুদেব ন্যায়-রত্ন মহাশয় তাঁহাকে মহারাণী ভবানীর নিকট লইয়া যান। পশ্চিমদেশীয় বলবান বলিয়া মহারাণী ইহাকে নিজ সৈন্যের সেনাপতি নিযুক্ত করেন। মহারাণী ভবাণীর নিকট কর্ম্মই ইহার উন্নতির সোপান। নানা প্রকার কার্য্যের দ্বারা মহারাণীর সন্তোষ উৎপাদন করিয়া প্রচুর অর্থ উপার্জ্জন করেন। ইহাঁরা উভয় ভ্রাতায় পশ্চিম নিজ আদিম দেশ পালী যাইয়া বিবাহ করিয়া এথায় প্রত্যাবৃত্ত হয়েন। মহারাণী ভবানীর অর্থে ধনশালী হইয়া দলেল রায় জমিদারী ক্রয় আরম্ভ করেন। দলেল রায়ের পুত্র শ্যাম সিং রায় ও রাজনাথ রায়ের ২ পুত্র নীলকণ্ঠ রায় ও গুরু প্রসাদ রায়। ন্যায় রত্ন মহাশয়ের পাণ্ডিত্য এতদূর ব্যাপ্ত ছিল যে কালীঘাটের সাধক লক্ষ্মীকান্ত ব্রহ্মচারীর প্রপৌত্র রাম কান্ত স্বপ্নাদিষ্ট হইয়া ১১৫২ সালে মহুমপুরে উপস্থিত হইয়া গঙ্গাতীরে সস্ত্রীক দীক্ষা গ্রহণ করেন। এই লক্ষ্মীকান্ত ব্রহ্মচারী কালীঘাটে আসিয়া কালীক্ষেত্র প্রকাশ করেন। এই লক্ষীকান্তের শিষ্যে চণ্ডীবর চট্টোপাধ্যায়ের বংশ বর্ত্তমান কালীঘাটের হালদার মহাশয়েরা। লক্ষীকান্ত বাখর গঞ্জ জেলায় বাকপুর নামক স্থানের সিমালই বংশোদ্ভব ছিলেন (মিশ্রগ্রন্থ) ইনি ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া মেদিনীপুর জেলাস্থ বর্গ ভীমা নামক স্থানে তপস্যা করণান্তর সিদ্ধ হন। ইহার পুত্র রামরাম, তদীয় পুত্র রামকান্ত। ন্যায়রত্ন মহাশয় দীর্ঘদেহী ও বলশালী ছিলেন ইনি অত্যন্ত মাতৃভক্ত ছিলেন। মাতার অনুমতি ব্যতিত সামান্য কার্য্যও করিতেন না।

ইহার মাতৃভক্তির উপন্যাস বৎ অনেক ঘটনা পরিবার মধ্যে শুনা যায়। দলেল রায় নানা উপায়ে নিজ সম্পত্তি বৃদ্ধি করেন। লালগোলায় বর্ত্তমান রাজবংশের প্রকৃত ভিত্তি তিনিই স্থাপন করেন। বর্ত্তমান রাজা বাহাদুরের প্রধান সম্পত্তি মশিদা পরগণা সেই সময়েই হস্তগত হয়। এই পরগণা হস্তগত সম্বন্ধে নানা প্রকার প্রবাদ শুনা যায়। এক্ষণ তক তথাকার যাবতীয় কাগজে বামোর্দ্ধে শ্রীদুর্গা স্বাক্ষরের পর স্বাক্ষর হয় এবং এ যাবৎ ঐ সম্পত্তি স্ত্রীলোকের নামে ছিল। দলেল রায়ের পুত্র শ্যাম সিং রায়ের কান্দির নিকটবর্ত্তী জমুয়া গ্রামে বিবাহ হয়। ইনি রাণী তারিণী বলিয়া খ্যাত।

ন্যায়রত্ন মহাশয় ১১৬৩ সালে সজ্ঞানে গঙ্গাগর্ভে জীবনলীলা বিসর্জ্জন করেন। শুনা যায় তিনি নিজে পদব্রজে আত্মীয় বন্ধু বান্ধবকে সঙ্গে লইয়া গঙ্গাতীরে আসিয়া নশ্বর দেহ ত্যাগ করেন।

ন্যায়রত্ন মহাশয়ের একমাত্র পুত্র কাশীকান্ত ভট্টাচার্য্য ১১৩৩ সালে জন্মগ্রহণ করেন। ইনি পিতামহের ন্যায় উগ্রতপা ও সাধক ছিলেন। জীবনের তিনি অধিকাংশ সময় তপস্যায় নিরত থাকিতেন। জন সমাগম ও জন সংঘের মধ্যে তিনি থাকিতে আদৌ ভাল বাসিতেন না। ইঁহার নিষ্ঠা ও ভগবৎ প্রেম দর্শন করিয়া কামাখ্যায় মহারাজা তাঁহাকে বার্ষিক বৃত্তি দিতেন। তিনি দীর্ঘজীবি ছিলেন না কিন্তু যে সময় জীবিত ছিলেন তাহার অধিকাংশই কামাখ্যা পীঠে যাপন করেন। দলেল রায়ের ভ্রাতুষ্পুত্র ও বর্ত্তমান লালগোলার রাজা বাহাদুরের বৃদ্ধ প্রপিতামহ নীলকণ্ঠ রায় ও প্রপিতামহ আত্মারাম রায় এবং পুত্র শ্যাম সিং

রায় ইহার শিষ্য ছিলেন। কালীঘাটের নন্দ কিশোর ভট্টাচার্য্য ইঁহার নিকট দীক্ষা গ্রহণ করেন।

গুরুদেবের সহায়তায় নীলকণ্ঠ রায়ের নবাব দরবারের সুবেদার অরুণ সিংহের কন্যার সহিত বিবাহ হয় এবং অরুণ সিংহের অভাবে ঐ কার্য্য তিনি প্রাপ্ত হইয়াছিলেন; আত্মারাম রায়ও নবাব দরবারে কার্য্য করেন। বোধ হয় এই সময় এই কার্য্যের রাও পদবী প্রাপ্ত হন। রাজমহল হইতে রামপুর বোয়ালীয়া পর্য্যন্ত নৌ দস্যুভয় নিবারণের ভার ইহাঁদের উপর অর্পিত ছিল। বর্ত্তমান রাজা বাহাদুরের পিতাই সর্ব্ব প্রথমে নবাব নাজিম দরবারে বসিবার আসন প্রাপ্ত হন।

কাশীকান্ত ভট্টাচার্য্যের তিন পুত্র তন্মধ্যে মধ্যম পার্ব্বতিচরণ তর্কসিদ্ধান্ত ১১৭৩ সালে জন্মগ্রহণ করেন। কাশীকান্ত ভট্টাচার্য্য ১১৭৮ সালে সমাধি অবস্থায় নশ্বর দেহ ত্যাগ করেন। ইহার সাধ্বী পত্নী অভয়া দেবী সহমৃতা গমন করেন। অদ্যাপি মধ্যম পুরের নিকট প্রাচীনারা সতীর ঘাট বলিয়া থাকেন মধ্যম পুত্র ৺ পার্ব্বতীচরণ প্রথমে শিষ্যের প্রতি কৃপাপরবশ হইয়া লালগোলায় বাস করিতে আরম্ভ করেন। অদ্যাপি রাজা বাহাদুরের কালী-বাটীতে শ্রীকান্তেশ্বর শিবের পার্শ্বে রঘুপতিশ্বর ও কাশীকান্তেশ্বর নামীয় মহাদেব গুরুভক্তির জ্বলন্ত নিদর্শন বিদ্যমান রহিয়াছে। হায়! আজ সে গুরুভক্তি কোথায়? যে গুরুভক্তির দৃষ্টান্তে একলব্য অদ্যাপি হিন্দুর সমাজে আদরণীয় যে গুরু দক্ষিণার জন্য জীবনপাত করিতেও কুণ্ঠা বোধ করিত না। শাস্ত্রে যাঁহার আসন নির্দ্দেশ করিতে না পারিয়া সহস্রদল কমলোপরি স্থাপন করিয়াও তৃপ্ত হইতে পারে নাই, যাহার মুখের বাক্য বেদ

অপেক্ষাও গুরুতর। আজ কাল প্রভাবে সেই গুরুর আসন কোথায়? আমরা ক্রমে আর্য্য শোণিত হীন হইতেছি। আজ কাল আর্থিক সুখই আমাদের সুখ। অবিনশ্বর সুখের প্রতি লক্ষ্যই নাই। আজকাল গুরু পুরোহিত রাজ অঙ্গ অর্থাৎ জৌলস হাতি ঘোড়া যেমত থাকে তেমতি পূর্ব্ব পুরুষেরা করিয়া গিয়াছেন, তাড়াইয়া দিলে নিন্দা হয়, অনুগ্রহোপজিবী হইয়া থাক, কালের কি মাহাত্ম্য। কাল অনুযায়ী যাহা কিছু কঠোর তাহাই সহজ সাধ্য হইয়াছে। জানি না এ সংসারে গুরুপদ বাচা হওয়ার অপেক্ষা কঠোরতম পদ কিছু আছে কি না।

পার্ব্বতীচরণ তর্কসিদ্ধান্ত ১১৭৩ সালে জন্মগ্রহণ করেন। পাঁচ বৎসর বয়সে তিনি পিতৃমাতৃহীন হয়েন। এই সময় তাহার জ্যেষ্ঠের বয়স আট বৎসর, তৎকালে ইহারা গ্রাম্য পাঠশালায় অধ্যয়ন করিতেন। বাল্যকাল হইতেই পার্ব্বতী চরণের বিদ্যা-শিক্ষা স্পৃহা অত্যন্ত বলবতী ছিল। সেই সময় মহুলা পণ্ডিত গণের স্থান ছিল। ১২ দ্বাদশ বৎসর বয়সে তিনি বিদ্যাশিক্ষা জন্য মহুলায় উপস্থিত হন। তৎকালে পণ্ডিত মণ্ডলীর নিস্বার্থ বিদ্যাদানে বহুদূর হইতে শিক্ষার্থী সকল উপস্থিত হইয়া গুরুগৃহে অবস্থান করিয়া বিদ্যাধ্যয়ন করিতেন। এই সকল পণ্ডিতমণ্ডলী নিজ নিজ ব্যয়ে অকাতরে বহু ছাত্রকে নিজগৃহে রাখিয়া বিদ্যাদান করিতেন। মহুলার এই সকল পণ্ডিতমণ্ডলী মধ্যে চিরঞ্জীব বাগীশ প্রধান বহু শাস্ত্রজ্ঞ ছিলেন। বালক পার্ব্বতী ইঁহার নিকট উপস্থিত হইয়া নিজ অধ্যয়ন স্পৃহা বিবৃত করেন। অল্প সময় মধ্যে বালকের তীক্ষ্ণ বুদ্ধি, সতত্যায় ও তেজস্বীতায় বাগীশ মহাশয় মুগ্ধ হইয়া পার্ব্বতীকে নিজ পুত্রের ন্যায় স্নেহ করিতে আরম্ভ

করেন ও বিশেষ যত্ন করিয়া অধ্যাপনা করাইতে লাগিলেন। এই স্থানে ৮ আট বৎসর অবস্থান করিয়া ব্যাকরণ স্মৃতি ও বেদান্ত অধ্যয়ন করেন এই সময় কার্য্য ঘটনায় পার্ব্বতীচরণের প্রতিভার বিকাশ হয়। বালককে গ্রামবাসী সকলেই বিশেষ শ্রদ্ধা ও স্নেহ করিতেন। স্নানের সময় পার্ব্বতী চরণ প্রত্যহ রাজকৃষ্ট দাস নামক জনৈক মুদির দোকানে উপস্থিত হইয়া তৈল মাখিতেন। একদিন ঘটনাক্রমে পার্ব্বতির উপস্থিতিকালে জনৈক পরমহংস তথায় উপস্থিত হইয়া বাগীশ মহাশয়ের বাটীর রাস্তা জিজ্ঞাসা করেন। উক্ত দাস বাগীশ মহাশয়ের বাটীর রাস্তা দেখাইয়া দিয়া তাঁহাকে বসিতে আসন দেয়। কথা প্রসঙ্গে পার্ব্বতী চরণ জানিতে পারেন যে উক্ত পরমহংস বাগীশ মহাশয়ের সহিত বেদান্তর বিচার করিবার জন্য আগমন করিয়াছেন। পার্ব্বতী চরণ প্রকাশ করেন যে, "বাগীশ মহাশয় আমার শিক্ষাগুরু, তাঁহার সহিত বিচারের পূর্ব্বে আমাকে শাস্ত্র আলোচনায় ন্যুন করুন। কিন্তু আমি পূর্ব্ব পক্ষ হইব না, আপনি পূর্ব্বপক্ষ হউন, অধিক কি যদি আপনাকে উত্তর দিয়া সন্তোষ করাইতে আমাকে আপনার দিকে মুখ প্রদর্শন করিতে হয় তাহা হইলেই আমি ন্যুন।" এই বলিয়া তিনি পরমহংসের প্রতি পশ্চাৎ হইয়া উপবিষ্ট হন। ইহাতে পরমহংস লজ্জিত হইয়া পূর্ব্ব পক্ষ হইয়া বেদান্তের বিচারে প্রবৃত্ত হয়েন। ক্রমে অপরাপর টোলের ছাত্র-মণ্ডলী আসিয়া সমবেত হইতে লাগিল। এদিকে বেলা অপরাহ্ন। বালক পার্ব্বতীর স্নানাহার তখন পর্য্যন্ত হয় নাই। বাগীশ মহাশয় আহ্নিক সমাপন্তে তাঁহার স্নেহের পার্ব্বতির অনুসন্ধান করিতে যাইয়া অন্যান্য ছাত্রের নিকট সকল অবস্থা জ্ঞাত হইলেন।

তিনি তৎক্ষণাৎ দোকানে উপস্থিত হইলেন। বাগীশ মহাশয়কে দেখিয়া পার্ব্বতীচরণ আসন ত্যাগ করিয়া দণ্ডায়মান হইলেন। পরমহংস আগন্তুককে ইপ্সিত বাগীশ মহাশয় জ্ঞানে বলিলেন যে, "অদ্য আমি দাম্ভিকতা সহকারে আপনার সহিত বিচারার্থী হইয়া আসিয়াছিলাম, কিন্তু আপনার এই বালক ছাত্রের নিকট আহ্লাদ সহকারে ন্যূনতা স্বীকার করিলাম। এরূপ তীক্ষ্ণ বুদ্ধি, দৃঢ়তা ও মিষ্টভাষী বালক আমার দৃষ্টিপথে এতক উপস্থিত হয় নাই।" প্রাচীন বাগীশ মহাশয় আনন্দাশ্রুবর্ষণ করিতে করিতে বালককে হৃদয়ে ধারণ করিয়া বলিলেন, "বাবা পার্ব্বতি তোমা হইতে আমার মুখ উজ্জ্বল হইল," এবং সকলকে সঙ্গে করিয়া বাটী আসিলেন। পরমহংস বালকের প্রতি আকৃষ্ট হইয়া ঐ দিন হইতে বিশেষ যত্নসহকারে তন্ত্রশাস্ত্র শিক্ষা দিতে আরম্ভ করেন। মহুলায় আরো ২ দুই বৎসর অবস্থান করিয়া পাঠ সমাপন জন্য পার্ব্বতিচরণ নবদ্বীপে গমন করেন। তথায় ৫ পাঁচ বৎসর ন্যায় পাঠ করিয়া পাঠ সমাপনান্তে নিজ বাসস্থান মহমপুরে প্রত্যাগত হন। এই সময় তাঁহার বয়ক্রম ২৭ সাতাইশ বৎসর। ইতিমধ্যে তাহার জ্যেষ্ঠ জগন্মোহন ভট্টাচার্য্য মাতুলালয় আরবপুরে যাইয়া বিবাহাদি করিয়া বাস করিতে থাকেন। সর্ব্বকনিষ্ঠ শিবনাথ মহমপুরেই পৈত্রিক বাটীতে কয়েকটী ব্যাকরণের ছাত্র লইয়া অধ্যাপনা করিতেছিলেন। পার্ব্বতিচরণ বাটী প্রত্যাগত হইয়া পূর্ব্বস্থলির রামেশ্বর চূড়ামণির কন্যা শ্রীমতী গৌরমণি দেবীকে বিবাহ করেন। ইঁহার গর্ভে ১২১২ সালে হরসুন্দরী ও ১২১৪ সালে শ্যামাসুন্দরী ২ দুই কন্যা ভূমিষ্ট হয়। কনিষ্ঠা কন্যা ভূমিষ্ট হওয়ার পর তাঁহার স্ত্রী পরলোক গমন করেন।

তিনি মহম্মপুরে প্রত্যাগত হইলেই লালাগোলার বর্ত্তমান রাজা-বাহাদুরের পিতামহ রাও রামশঙ্কর রায় সস্ত্রীক ও দলেন রায়ের পৌত্র দেবীপ্রসাদ বাবু ও গুরুপ্রসাদ বাবু সস্ত্রীক যাইয়া দীক্ষা গ্রহণ করেন। এই সময় হইতে ইঁহারা গুরুদেবকে লালগোলা আসিয়া বাস করিতে অনুরোধ করেন। এই সময় মহম্মপুর গ্রামও অবনতি অবস্থায় অগ্রসর হইতে থাকে। প্রথম হইতে রামশঙ্করের প্রতি পার্ব্বতিচরণের যথেষ্ট অনুরাগ দৃষ্ট হয়। নিত্য গুরু দর্শন মহা ভাগ্যের বিষয় এই সকল আলোচনা করিয়া ইহাঁরা গুরু দেবকে লালগোলায় বসবাস করাইতে দৃঢ়প্রতিজ্ঞ হয়েন।

তর্ক সিদ্ধান্ত মহাশয় দৃঢ়প্রতিজ্ঞ ও যথেষ্ট ক্ষমতাশালী ছিলেন। অদ্যাপি তাঁহার হস্তের বিশাল বর্ম্ম ও তরবারি সযত্নে রক্ষিত হইয়া তাঁহার বলবত্তার প্রমাণ দেখাইতেছে। নিতান্ত অনুরুদ্ধ হইয়া অবশেষে ১২১২ সালে লালগোলায় তিনি বাস করিতে কৃতনিশ্চয় করেণ। পৈত্রিক নিদর্শনস্বরূপ মহারাণী ভবানির দত্বা সামান্ত ব্রহ্মত্তর ও অস্থাবরের মধ্যে কতকগুলি প্রাচীন পুথি ও তাঁহার নিজ বর্ম্ম ও তরবারি এবং দুর্গা প্রতিমার পাট ও অপরাজিতা তিনি গ্রহণ করিয়া বক্রী সমুদায় স্থাবর অস্থাবর ভ্রাতাদিগকে দিয়া আইসেন। অদ্যাপি তাঁহার আনীত পাটে দুর্গোৎসব হইয়া থাকে। সন ১২১২ সালের ২২ চৈত্র তিনি সর্ব্বপ্রথমে লালগোলায় উপস্থিত হন। রাও রামশঙ্কর ও দেবীপ্রসাদ বাবুর দত্তক রামসুন্দর রায় প্রভৃতি সকলে মহা সমাদরে তাঁহাকে গ্রহণ করেণ। তৎকালীন রঘুনাথ বাটীতে তাঁহার বাসস্থান স্থির হয়। রাও রামশঙ্করের প্রভাতে শয্যাত্যাগ করিয়া গুরুমন্দির দর্শন হয়

এই ইচ্ছায় বর্ত্তমান স্থান মনোনীত হয়। ১২১৩ সালের ১লা বৈশাখ কৃষ্টপুরনিবাসী ৺ রামানন্দ বাবু তাঁহার শ্রীমন্তপুরস্থ সম্পত্তিতে বর্ত্তমান বাসস্থান নির্দ্দেশে ২/ দুই বিঘা নিস্কর ভূমি দান করেন। রাও সাহেবের আদেশ ক্রমে কাঁচা বাটী প্রস্তুত হয়। ১২১৩ সালের ২রা বৈশাখ রামসুন্দর বাবু তাহার পিতার স্বর্গার্থে ২৫১ দুই শত একান্ন টাকা মশিদা সম্পত্তির ভোগকারীকে দিতে হইবে এই মত সনন্দ দেন। অদ্যাপি সেই সনন্দ অনুযায়ী উক্ত সম্পত্তির মালিকেরা অংশ মত টাকা দিয়া থাকেন। বাটী প্রস্তুত হইলে তর্কসিদ্ধান্ত মহাশয় ১২১৩ সালের আষাঢ় মাসের ৫ই তারিখে পত্নী গৌরমণি দেবী ও প্রথমা কন্যা আনয়ণ করেন। যে দিন তাঁহার পত্নী কন্যা লইয়া লালগোলায় বাসভবনে প্রথম প্রবেশ করিয়াছিলেন ঐ দিন স্বহস্তে তিনি একটী জুঁইবৃক্ষ রোপণ করেন। অদ্যাপি সেই জুঁই বৃক্ষ পবিত্রভাবে তাঁহার বংশাবলির দ্বারা রক্ষিত হইতেছে। হায়! এই জুঁই বৃক্ষ ১২১৩ সাল হইতে এই শতাব্দী ধরিয়া এই পরিবারের শুভাশুভ ঘটনা অবিচলিত নেত্রে লক্ষ্য করিতেছে। যেন বিশ্বনিয়ন্তা এই পরিবারের পাপ পুণ্যের সাক্ষ্য প্রদান জন্য তাহাকে স্থাপন করিয়া গিয়াছেন। স্থির, অবিচল, নির্ব্বাক অবস্থায় স্বভাবের উৎপীড়ন সহ্য করিয়া সে যে এই পরিবারের কি দেখিতেছে তাহা ভগবানই জানেন। কালের কত কঠোর আঘাত এই নির্ব্বাক জীব সহ্য করিয়াছে এবং জানিনা আরো কত দিন সহ্য করিবে। এই পরিবারের কত উৎসবের আনন্দধ্বনি, আবার কত মৃত্যুর হাহাকার, কত উৎসবের আলোকমালা আবার কত বিভীষিকাময়ী রজনী ইহার ন্যায় কে দেখিয়াছে? যেন এই পরিবারের সমবেদনা ও সম দুঃখীর

ন্যায় সে সমুদায় পরিবারবর্গের সহিত সমভাগী হইয়া ভোগ করিতেছে ! এ পরিবারের এমন সাক্ষী আর কেহ নাই।

আত্মীয়, বন্ধু, কুটুম্ব, পৈত্রিক সম্পত্তি ও বাসস্থান ত্যাগ করিয়া একমাত্র রামশঙ্করের শ্রদ্ধা ভক্তির উপর নির্ভর করিয়া তর্কসিদ্ধান্ত মহাশয় লালগোলায় বাস করেন। ব্রাহ্মণের সরলতার প্রকৃষ্ট উদাহরণ ইহা অপেক্ষা কি হইতে পারে ? এই রামশঙ্করের ভবিষ্যত বংশ কি হইতে পারে অথবা রামশঙ্করই যদি কোনরূপ ভিন্নমতি হয় তখন যে তাঁহার বা তাঁহার বংশাবলির অপমানের ইয়ত্তা থাকিবে না। নিশ্চত বস্তু ত্যাগ করিয়া অনিশ্চিতের আশ্রয় বুদ্ধিমত্তার কার্য্য নহে। ইহা কেবল তাঁহার সরলতাও রামশঙ্করের প্রতি প্রগাঢ় ভালবাসার ও পুত্রবৎ স্নেহের পরিচায়ক ভিন্ন কিছুই নহে। ১২১৮ সালের ৩রা মাঘ তারিখে গুরুপ্রসাদ তর্কসিদ্ধান্ত মহাশয়কে ৫৷৷১ জমি নিষ্কর দান করেন। এই প্রথম নিষ্কর ভূমি প্রাপ্তি। অদ্যাপি ইঁহার বংশধরেরা এই নিষ্কর ভোগ করিতেছেন।

এই সময় ৺রামসুন্দর রায়ের বিধবা পত্নী রাণী সরস্বতীর সহিত বৈষয়িক নানাপ্রকার বিবাদ উপস্থিত হয়। ইঁহাদের বংশাবলি দৃষ্ট করিলেই বুঝা যায় যে রামশঙ্কর কি প্রকার বুদ্ধিমান ও চতুর প্রকৃতির লোক ছিলেন। তখন সদর দেওয়ানী আদালত কালকাতায় ছিল। মোকর্দ্দমা গুরুতর ভাবেই হইতেছিল। ইহার বিস্তারিত বিবরণ বর্ণনা করিতে হইলে রাও সাহেবের বৈষয়িক ইতিহাস লিখিত হয়। যাহা হউক, এই মোকর্দ্দমার উপরই রাও রামশঙ্করের ঐশ্বর্য্য নির্ভর করিতেছে রাও রামশঙ্কর নিতান্ত কাতর হইয়া পরিলেন তাঁহার এই কাতরতা দেখিয়া গুরুদেব

চিন্তিত হইলেন। অবশেষে রাণী সরস্বতীকে অনুরোধ করাইয়া সম্পত্তি কট ॥৶০ দশ আনা ।৶০ ছয় আনা করিয়া দিলেন। কি আশ্চর্য্য দৃষ্টান্ত! এক পক্ষ গুরুর প্রতি প্রগাঢ় দাঢ্য, যে বিষয় লোভে মানব সহস্র সহস্র নরহত্যা করিতেও ইতঃস্তত করে না এক গুরুদেবের আদেশে অম্লান বদনে তাহা ত্যাগ! কি আশ্চর্য্য গুরুভক্তি! আবার রামশঙ্করের প্রতি গুরুদেবের কি দাঢ্য স্নেহ! কি উপায়ে রামশঙ্করের উন্নতি ইহাই যেন গুরুদেবের সর্ব্বদা ইষ্ট প্রার্থনা। গুরুদেবের এ অনুকম্পা না পাইলে আজ হয়ত ইহার অন্যরূপ হইত। হায় কালে সে সরলতা, সে পবিত্রতা কোথায় গেল! রামশঙ্করের উন্নতির মূল কারণ গুরুদেব ইহা রামশঙ্কর নানাপ্রকারে স্বীকার করিতেন।

১২২৪ সালে তর্কসিদ্ধান্ত মহাশয় তাঁহার হরসুন্দরী ও শ্যামা-সুন্দরী নামিকা ২ দুই কন্যার চুমরিগাছা নিবাসী কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য ও রামেশ্বর ভট্টাচার্য্য দুই ভ্রাতার সহিত বিবাহ দেন। কিছু দিন পরে জ্যেষ্ঠা কন্যা হরসুন্দরী বিধবা হইয়া পিতৃগৃহে অবস্থান করিতে থাকেন। ১২২৩ সালেই তর্কসিদ্ধান্ত মহাশয়ের বর্ত্তমান সমসের-পুর নিবাসী গদাধর সান্যালের প্রথমা কন্যার সহিত বিবাহ হয়। ১২২৫ সালে প্রথমা কন্যা ভবসুন্দরী ১২২৭ সালে দ্বিতীয়া কন্যা ত্রিপুরাসুন্দরী ও ১২২৯ সালে পুত্র শ্রীনাথ বিদ্যাভূষণ জন্মগ্রহণ করেন, তর্কসিদ্ধান্ত মহাশয়ের এই সময় রাজধানীর প্রাপ্য ভিন্ন অন্য কোন উপায় ছিল না। প্রত্যহ রামশঙ্করের বাটী হইতে আহার্য্য আসিত এমন কি প্রত্যহ /১ একসের দুগ্ধ বহুদিবস পর্য্যন্ত ব্যবস্থা ছিল। প্রতি রাত্রে কালীবাটী ও রঘুনাথ বাটী হইতে ৩২ খানা লুচির ব্যবস্থা অদ্যাপি তাঁহার বংশধরেরা পাইয়া থাকেন। সিধা

১২৯০ সালে ও দুগ্ধ ১৩০৮ সালে বন্ধ হয়। ১২৩৩ সালে অগ্নি-দাহে সমুদায় বাটী নষ্ট হইয়া যায়, এমতে রাও সাহেব নিজ গুরুদেবের মন্দির প্রস্তুত করিয়া দেন। বর্ত্তমান বাটীর অধিকাংশ ১২৩৩ সালে নির্ম্মিত, স্থানের অপ্রতুলতা বিবেচনায় কৃষ্টপুরনিবাসী শ্যামানন্দ রায় ১২৩৩ সালে ৫ই মাঘ তারিখে সনন্দ দ্বারা ২/ দুই বিঘা জমি নিষ্কর বাস জন্য দান করেন। ইহাঁরই পিতা পূর্ব্বে ২/ দুই বিঘা জমি দান করিয়াছিলেন। ইঁহারা অতি সম্মানিত ও প্রাচীন বংশ। এককালে ইঁহাদের যথেষ্ট ঐশ্বর্য্য ছিল। কিন্তু কালের প্রভাবে সে সকল অন্তর্হিত। এখনও এতদ্দেশের সকলে ইঁহাদিগকে বিশেষ সম্মান করিয়া থাকেন। শ্যামানন্দ বাবুর পুত্র কুঞ্জমোহন রায় অতি অমায়িক ও উচ্চদরের সামাজিক মহাশয় ব্যক্তি। তর্কসিদ্ধান্ত মহাশয়ের পৌত্র কালীব্রহ্ম ভট্টাচার্য্য মহাশয়ের সহিত ইহার যথেষ্ট হৃদ্যতা ছিল। বাল্যে ও যৌবনের অধিকাংশ সময় ইঁহারা একত্রে যাপন করিয়াছেন। রামানন্দ বাবু ও শ্যামানন্দ বাবুর ভূমির দান হইতে বুঝা যায় যে, ইঁহারা এই বংশকে বিশেষ শ্রদ্ধার নেত্রে দেখিতেন। যাঁহারা কুঞ্জমোহন বাবুর ব্যবহার দেখিয়াছেন, তাঁহারা তাহা চাক্ষুষ উপলব্ধি করিতে পারিয়াছেন। বর্ত্তমান কুঞ্জমোহন বাবুর জামাতা কুলদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায় মহাশয় আছেন, তিনি সদালাপি ও হৃদয়বান। ১২৩১ সালের ১১ই ফাল্গুন ১২৩৬ সালের ২৫এ ফাল্গুন ও ১২৪০ সালের ২রা আশ্বিন রাও সাহেবের মাতা পুরশ্চরণ করিয়া তিনটী আম বাগান দান করেন। ১১৪০ সালে শ্যামাসুন্দরী বিধবা হন। তর্কসিদ্ধান্ত মহাশয় দৌহিত্রদ্বয়কে আনয়ন করিয়া নিজ বাটীর সন্নিকটে ।৪ নয় কাঠা জমি দান করিয়া বাস করান এবং রাও

সাহেব এই পরিবারের জন্য মাসিক ২৲ টাকা বৃত্তি দান করেন। তাঁহারা বহুকালাবধি ইহা ভোগ করিয়াছেন, অদ্যাপি এই বংশ লালগোলায় বাস করিতেছে। দুলাদেবী রাণী সরস্বতী ও রাও সাহেব ক্রমশঃ বহু নিস্কর ইষ্টদেবকে দান করেন। রাও সাহেব প্রত্যহ সন্ধ্যাকালে গুরুর নিকট উপস্থিত হইয়া গভীর রাত্রি পর্য্যন্ত উভয়ে নানাপ্রকার কথোপকথন করিতেন। প্রত্যহ গুরু দর্শন তাঁহার চরণোদক পান ও প্রসাদ ভক্ষণ তাঁহার নিয়মিত কর্ত্তব্য ছিল। আধ্যাত্মিক বৈষয়িক সকল বিষয়ে গুরুর উপদেশ তিনি আগ্রহ সহকারে লইতেন। আমার গুরুর কিসে সন্তুষ্টভাবে দিনপাত হয় তজ্জন্য তিনি তাঁহার সম্পত্তি মধ্যে বহুতর নিস্কর দান করেন। ১২৩৬ সালে তর্কসিদ্ধান্ত মহাশয় তাহার দ্বিতীয় পক্ষের কন্যাদ্বয়ের বিবাহ মহুলা নিবাসী নবকুমার সান্যাল ও ব্রজমোহন সান্যালের সহিত দেন। এই কন্যার বংশেই রায় রামব্রহ্ম সান্যাল বাহাদুর ছিলেন। অদ্যাপি এই বংশ বিদ্যমান আছে। ১২৪৪ সালে তর্কসিদ্ধান্ত মহাশয় তাঁহার পুত্র শ্রীনাথ ভট্টাচার্য্যের সহিত মহুলা নিবাসী রামধন চূড়ামণির প্রথমা কন্যা মধুসুন্দরী দেবীর সহিত বিবাহ দেন। চূড়ামণি মহাশয় জ্যোতিষ শাস্ত্রে অদ্বিতীয় পণ্ডিত ছিলেন। অদ্যাপি এতদ্দেশে সকলে ঐ বংশকে পাঁজিকার ভট্টাচার্য্য বলিয়া আখ্যা দেন। কয়েক বৎসর পূর্ব্ব পর্য্যন্ত মহুলার হস্তলিখিত পঞ্জিকার আদর যথেষ্ট ছিল। চূড়ামণি মহাশয়ের পৌত্র বিজয়কৃষ্ণ ভট্টাচার্য্য গত ২ বৎসর হইল অপুত্রক অবস্থায় ইহলোক ত্যাগ করিয়াছেন। ভট্টাচার্য্য মহাশয় অতিশয় সরল ও অমায়িক ব্যক্তি ছিলেন। তাঁহার সরলতা ও পর দুঃখে কাতরতা দেখিয়া আশ্চর্য্য হইতে হয়। অনেকগুলি ছাত্র লাল-

গোলা তর্কসিদ্ধান্ত মহাশয়ের নিকট আসিয়া নানা শাস্ত্র অধ্যয়ন করিত। কয়েকটি দণ্ডি এখানে তন্ত্র অধ্যয়ন জন্য তাঁহার নিকট ছিল। শ্রীনাথ ভট্টাচার্য্য মহাশয় পিতার নিকট ব্যাকরণ, কাব্য, স্মৃতি ও দর্শনাদি অধ্যয়ন করিয়াছিলেন। বাল্যকাল হইতে তিনি কঠোর তাপস ছিলেন। বহু দূর দেশ হইতে অনেক গণ্য মান্য পণ্ডিত তন্ত্রশাস্ত্র অধ্যয়ন জন্য আগমন করিতেন। শুনা আছে সংস্কৃত কলেজের বেদান্ত অধ্যাপক পণ্ডিত নিমাই চাঁদ শিরোমণি প্রায় ২০ বৎসর তন্ত্রের উপদেশ জন্য এখানে বাস করিয়া গিয়াছেন। কৃষ্টপুর নিবাসী কালীশঙ্কর ভট্টাচার্য্য যদিও তর্কসিদ্ধান্ত মহাশয়ের নিকট তন্ত্রের উপদেশ লইতেন তথাপি তর্কসিদ্ধান্ত মহাশয় তাঁহাকে নিজ উত্তর সাধকবৎ প্রিয় দেখিতেন। অনেক সময় তিনি কৃষ্টপুর ভট্টাচার্য্য মহাশয়ের বাটীতে অবস্থান করিতেন। ভট্টাচার্য্য মহাশয় সকল বিষয় তর্কসিদ্ধান্ত মহাশয়ের উপদেশ লইয়া কার্য্য করিতেন। তাঁহার পুত্র তারিণী শঙ্কর ভট্টাচার্য্য তর্কসিদ্ধান্ত মহাশয়ের নিকট দর্শন পড়িতেন, এবং দীক্ষা গ্রহণ করেন। তান্ত্রিক যাবতীয় কার্য্যে কালীশঙ্কর ভট্টাচার্য্য তর্কসিদ্ধান্ত মহাশয়ের উত্তর সাধক থাকিতেন। তিনি ভিন্ন তর্কসিদ্ধান্ত মহাশয়ের ক্রিয়ার দ্বিতীয় আর কেহই ছিল না। এই ভট্টাচার্য্য মহাশয়ের দৌহিত্র মহেশচন্দ্র ভট্টাচার্য্য শ্রীনাথ ভট্টাচার্য্যের নিকট ব্যাকরণ স্মৃতি ও তন্ত্র অধ্যয়ন করিতেন। কালীঘাটের নন্দকিশোরের পুত্র দুর্গাদাস ও ঘনশ্যাম সস্ত্রীক এখানে আসিয়া দীক্ষা গ্রহণ করেন। ১২৪৬ সালে তর্কসিদ্ধান্ত মহাশয়ের পৌত্র কালীব্রহ্ম ভট্টাচার্য্য জন্মগ্রহণ করেন। এই সময় রাও সাহেবের বাটী হইতে তিনি বার্ষিক প্রায় ২০০০৲হাজার টাকা

প্রণামী পাইতেন। ১২৪০ সালে রামশঙ্কর রায় নগদ ৫০০০৲ পাঁচ হাজার টাকা ও ৫০ পঞ্চাশ বিঘা জমি নিস্কর একটী মহাপুরশ্চরণ করিয়া গুরু প্রণামী দেন। রাণী সরস্বতী একটী মহাপুরশ্চরণে ২০০০৲ দুই হাজার টাকা ও ১০০/ এক শত বিঘা নিস্কর ভূমি প্রণামী দেন, তুলা দেব্যা একবার পুরশ্চরণ করিয়া ৫০/ পঞ্চাশ বিঘা নিষ্কর জমি ও ১০০০৲ হাজার টাকা নগদ প্রণামী দেন। এইরূপ দান সনন্দে পাওয়া যায় ইহা ভিন্ন সামান্য সামান্য নানা কার্য্য নিস্কর ভূমি দান উল্লেখ পাওয়া যায়। এই সকল হইতে স্পষ্ট ধারণা হয় যে গুরুদেবের সুখ স্বাচ্ছন্দ্যের প্রতি কত বেশী লক্ষ্য ছিল।

ইতিমধ্যে তর্কসিদ্ধান্ত মহাশয় পিতা ও মাতা, পিতামহ ও প্রপিতামহ এবং নিজ নামে তিনটী শিব প্রতিষ্ঠা করেন। এবং দুই বার গয়া, কাশী, প্রয়াগ ইত্যাদি তীর্থ দর্শন করেন। তর্কসিদ্ধান্ত মহাশয়ের জীবনী হইতে বুঝা যায় যে তিনি তান্ত্রিক সম্প্রদায় মধ্যে বিশেষ গণ্য ও ক্ষমতাশালী মহান্ ব্যক্তি ছিলেন। রামশঙ্করের হিতসাধন জন্য সর্ব্বদা তিনি কায়মনোবাক্যে চেষ্টিত থাকিতেন। নিজ নির্ব্বাণ মুক্তির সঙ্গে সঙ্গে তিনি যেন রাম শঙ্করের উন্নতি কামনা অহঃরহ তাঁহার অন্তঃকরণে ছিল। শিষ্য রামশঙ্করও তদ্রূপ, সর্ব্বদা গুরু আজ্ঞা শিরোধার্য্য করিয়া পালন করিতেন। এক পক্ষে প্রগাঢ় দাঢ্য ভক্তি ও অবিচলিত বিশ্বাস অপর পথে তদ্রূপ একান্ত স্নেহ ও ভালবাসা। রামশঙ্করের জীবনী হইতেও বুঝা যায় যেন একটী ঐশ্বরিক বলে তাঁহাকে জোর করিয়া উন্নত করিতেছে এই ঐশ্বরিক বল আর কিছুই নহে কেবল ঐকান্তিক গুরু বা ইষ্ট বল। রামশঙ্কর এ বিষয় পদে পদে স্বীকার করিয়া গিয়াছেন ও বিশ্বাসের প্রমাণও দেখাইয়াছেন।

তর্কসিদ্ধান্ত মহাশয় ১২৫১ সালে মহাভারত বাটীতে পাঠ করান। তর্কসিদ্ধান্ত মহাশয়ের খ্যাতি বহু দেশব্যাপ্ত ছিল। এই মহাভারতের সুযোগে রাজা গঙ্গাধর এখানে আসিয়া তাঁহার নিকট ২ দুই দিন অবস্থান করিয়া যান।

১২৫২ সাল হইতে তর্কসিদ্ধান্ত মহাশয়ের শরীরের অবস্থা তিনি ভাল বোধ করিতেছেন না ব্যক্ত করেন। যদিও বাহ্যিক দৃশ্যে সেমত কিছুই লক্ষিত হইত না তথাপি তিনি নিজ শরীর কর্ম্মে অপটু হইতেছে এমত প্রকাশ করিতে থাকেন ১২৫৩ সালের প্রথমে শরীরের পরিবর্ত্তন লক্ষিত হয়। অবশেষে ২২শে বৈশাখ মধ্যাহ্ন সন্ধ্যাপূজাদি সমাপন করিয়া আহারাদি না করিয়াই রাম-শঙ্কর ও গুরুপ্রসাদ বাবুর পুত্র বৈকুণ্ঠবাবু, রাণী লক্ষীশ্বরী ও রাণী সরস্বতী প্রভৃতি সকলকে সংবাদ দিয়া আহ্বান করেন। অবিলম্বে সকলে আগমন করেন। সকলে উপস্থিত হইলে প্রত্যেককে যথোচিত উপদেশ দিয়া নিজ পুত্রকে কতকগুলি কর্ত্তব্য জ্ঞাপন করিয়া মৌনীভাবে অবস্থান করেন। সন্ধ্যার পর চক্ষু উন্মীলন করিয়া নিজ উঠানে লইয়া যাইতে ইঙ্গিত করেন। পুত্র শ্রীনাথ পূর্ব্ব হইতেই প্রস্তুত ছিলেন। রামশঙ্কর, বৈকুণ্ঠবাবু প্রভৃতি সকলে তাঁহাকে উঠানে কুশাসনে শয়ান করাইয়া দেন। হস্ত উত্তোলন-পূর্ব্বক সকলকে আশীর্ব্বাদ করিয়া ইষ্ট চিন্তা করিতে করিতে দেহত্যাগ করেন। রামশঙ্কর শোকে মূর্চ্ছিত হইয়া পড়েন। রামশঙ্কর ইহার পর প্রায়ই বলিতেন, "আমার যে বলে এ উন্নতি সে বল অন্তর্হিত হইয়াছে।"

তর্কসিদ্ধান্ত মহাশয়ের শ্রাদ্ধ মহা সমারোহে সমাধা হয়। পিতলের একটী ও চাঁদির একটী দুইটী দানসাগর শ্রাদ্ধ হয়। সকল

ব্যয় রামশঙ্কর বহন করিয়াছিলেন। তর্কসিদ্ধান্ত মহাশয়ের মৃত্যু-কালে তাহার পুত্র শ্রীনাথ বিদ্যাভূষণ ব্যতীত পৌত্র কালীব্রহ্ম ভট্টাচার্য্য ও দৌহিত্র দুর্গাগতি ভট্টাচার্য্য, বিশ্বেশ্বর ভট্টাচার্য্য ও কৃষ্ণধন সান্যাল ও জামাতা নবকুমার সান্যাল ও ব্রজমোহন সান্যাল জীবিত ছিলেন। পিতৃবিয়োগ কালে শ্রীনাথ বিদ্যাভূষণের বয়ঃক্রম ২৪ বৎসর। এই বয়সেই তিনি অনেক গুণে গুণবান ছিলেন। পিতার নিকট ব্যাকরণ ও স্মৃতি পাঠ সমাপন করিয়াছিলেন। তাঁহার জীবনীর অধিকাংশ তাঁহার পিতামহের ন্যায়। কৃচ্ছ্রসাধ্য তপ ভিন্ন তাহার অন্য কোন কার্য্য ছিল না। তাঁহার কঠোর তপস্যা ও তাহার ফলাফল যাঁহারা দেখিয়াছেন তাঁহারা ভিন্ন অপরে বুঝিতে অপারগ। তাঁহার অলোকসামান্য রূপ দেখিয়া ও কার্য্যাদি দৃষ্টে বোধ হয় যেন কোন শাপভ্রষ্ট দেবতা পৃথিবীতে বিচরণ করিতে আসিয়াছিলেন। যদিও কয়েকটী ছাত্র ছিল তথাপি ইহার সময় প্রায় সর্ব্বদা পূজা জপাদিতে ব্যয় হইত রাও রামশঙ্করের পুত্র মহেশ নারায়ণ ও বৈকুণ্ঠ বাবু ও তাঁহার ভ্রাতারা তাঁহার মন্ত্রশিষ্য ছিলেন। কালীঘাটের দুর্গাদাস ভট্টাচার্য্য ও ঘনশ্যাম ভট্টাচার্য্যের পুত্র কন্যারা ইহার নিকট দীক্ষা গ্রহণ করেন। রামশঙ্কর গুরুপুত্রকে গুরুর ন্যায় সর্ব্বদা দেখিতেন ও পূর্ব্বের ন্যায় আসিয়া প্রত্যহ উপদেশ লইতেন। বিদ্যাভূষণ মহাশয়ও অনেক নিস্কর ভূমি প্রাপ্ত হয়েন। ইহাঁর ক্রমান্বয়ে তিন কন্যা হয় কিন্তু তাহারা শিশু অবস্থায় মারা যায়। রাণী সরস্বতী এই সময় গুরুদেবের সমুদয় অভাব নিবারণ মানসে ৩০০০৲ তিন হাজার টাকার লাভের সম্পত্তির দানপত্র গোপনে প্রস্তুত করেন ও কেবল প্রধান কর্ম্মচারী জগন্নাথ মিশির অবগত

ছিল। উক্ত মিশির রাণী সরস্বতীর শ্বাশুড়ি ভাবি উত্তরাধিকারী রাণী লক্ষ্মীশ্বরীর সহিত যোগ করিয়া কম টাকা মূল্যের ষ্ট্যাম্পে লেখাপড়া করান হয়। অর্থাৎ যাহাতে আইনতঃ কোনরূপে সিদ্ধ না হয়। এই দলিলের সন ১১৪৬ সাল, ২৮ ভাদ্র। এই দলিল গোপন করার জন্য জগন্নাথ মিশিরকে রাণী সরস্বতী কাশীতে একটী বাটী দান করেন। অদ্যাপি উক্ত মিশিরের বংশাবলী এই বাটীতে বসবাস করিতেছে। রাণী সরস্বতী মৃত্যুকালে ঐ দলিল গুরুপুত্রকে দিয়া যান। শ্রীনাথ বিদ্যাভূষণ ঐ দলিল আনিয়া রামশঙ্করকে দেন। রামশঙ্কর দলিল দেখিয়াই সকল বুঝিতে পারেন ও রাণী লক্ষ্মীশ্বরীকে দেখাইতে বলেন। রাণী লক্ষ্মীশ্বরীর গুরুবংশের উপর ক্রোধ পূর্ব্ব হইতেই সঞ্চিত ছিল এই সময়ে তিনি স্পষ্ট বলিলেন, "আমাকে ত গুরুদেব পথে বসাইয়া গিয়াছেন, আপনাদের রামশঙ্করই সমস্ত আমাকে কিছু বলিবেন না।" এই বৎসরই রামশঙ্করের মাতা পরলোকগমন করেন। রামশঙ্কর সর্ব্বদা গুরুপুত্র সেবায় তৎপর থাকিতেন এমন কি সময় সময় তাঁহার এই কঠোর তপস্যা দেখিয়া আশ্চর্য্য হইয়া এ কৃচ্ছ্রসাধ্য তপস্যা হইতে বিরত হইতে অনুরোধ করিতেন।

১২৫৮ সালের আশ্বিন মাসের বোধন ষষ্ঠীর দিবস বিদ্যাভূষণ মহাশয়ের জ্বর হয়। তাঁহার ছাত্র মহেশ নারায়ণ পূজা করিতেছিলেন অবশেষে নবমীর দিন মহিষ উৎসর্গের পর আর বসিয়া থাকিতে না পারায় শয়ন করেন। বিজয়ার দিন সামান্য জ্বর হয়, দ্বাদশীর দিন গঙ্গাতীর লইয়া যাইতে আদেশ করেন। কিন্তু শারীরিক অবস্থা দৃষ্টে ভাল হইবার আশা করিয়া রামশঙ্কর ইতস্ততঃ করেন তাহাতে তিনি বলিয়াছিলেন, "রামশঙ্কর অদ্য ভাল

দেখিতেছ কল্য আমাকে কি মতে রক্ষা করিবে?” পর দিন ত্রয়োদশী, সে দিন প্রাতে বেশ ভাল ছিলেন বেলা ৩ তিনটার পর হঠাৎ অবস্থা মন্দ হইতে থাকে, তখন রামশঙ্করকে বলেন তুমি ক্ষুব্ধ হইও না। কালীব্রহ্ম থাকিল তুমি কর্ত্তব্য করিও এক্ষণে বৈকুণ্ঠ দাদা ও রামশঙ্কর দাদা আমায় উঠানে লইয়া চল। উঠানে কুশাসনে তৎক্ষণাৎ লইয়া যাওয়া হয়। ইষ্ট চিন্তা করিতে করিতে তিনি দেহত্যাগ করেন।

ইহাঁর আদ্য শ্রাদ্ধাদিও রামশঙ্কর গুরুদেবের ন্যায় সমারোহে নিজ ব্যয়ে সম্পন্ন করিয়া দেন।

এখন হইতে গুরু পরিবারের সমুদায় ভার রামশঙ্করের উপর অর্পিত হইল। যদিও রামশঙ্করই প্রকৃত ভার বাহক ছিলেন তথাপি এখন হইতে যেন এ সমুদায় দায়িত্ব বিশেষ ভাবে পতিত হইল। কিন্তু বেশী দিন তাঁহাকে এ সংসারে থাকিতে হয় নাই। এই বৎসরই মাঘ মাসে তাঁহার শরীর ভগ্ন হয় শেষে অবস্থা বিশেষ মন্দ বোধ হওয়ায় খ্যাতনামা গঙ্গাধর কবিরাজের পরামর্শ মত গুরু-পৌত্র কালীব্রহ্ম ভট্টাচার্য্য মহাশয়কে সঙ্গে লইয়া নিকটস্থ গঙ্গা-তীরে গমন করেন এবং মাঘী পূর্ণিমার দিন অরুণোদয় সময়ে গুরু পৌত্রের পাদপদ্ম মস্তকে ধারণ করিয়া ইষ্ট চিন্তা করিতে করিতে সজ্ঞানে ইহধাম ত্যাগ করেন।

পিতার মৃত্যুকালে কালীব্রহ্ম ভট্টাচার্য্যের বয়ঃক্রম ১২ বৎসর মাত্র। তাঁহাতে ও রাও মহেশ নারায়ণে প্রায় সমবয়স্ক ছিলেন। বাল্যকালে তিনি গ্রাম্য পাঠশালায় ও পিতার নিকটে ব্যাকরণের কিছু পড়িয়াছিলেন পিতার মৃত্যুর পর বৎসর তিনি বাহাদুরপুর গ্রামের বিখ্যাত পণ্ডিত উমাকান্ত শিরোমণির নিকট ব্যাকরণ

সমাপ্ত করিয়া অন্যান্য শাস্ত্র সামান্য পাঠ করেন। সেই সময় দেবীপুরের বালবানন্দ স্বামী ছিলেন ঐ সময় তাঁহার নিকট তন্ত্র পড়িতে আরম্ভ করেন, আট বৎসর এই পাঠ করার পর উক্ত স্বামী গৃণার পর্ব্বতে চলিয়া যান। ভট্টাচার্য্য মহাশয়ও বাটী প্রত্যাগত হন। পিতার মৃত্যুর অব্যবহিত পরেই তাঁহার চুমরী-গাছা নিবাসী ভৈরব সান্যালের কন্যার সহিত বিবাহ হয়। বাটী প্রত্যাগত হইয়া তাঁহার তন্ত্র শিক্ষার বাসনা এত প্রবল হয় যে ৺কাশীধামের বিখ্যাত তান্ত্রিক কালিকানন্দ ব্রহ্মচারীর নিকট যাইয়া চারি বৎসর তন্ত্র অধ্যয়ন করিয়া বাটী প্রত্যাগত হন। এই সময় তাঁহার বয়স ২৮ আটাইশ বৎসর মাত্র। এই সময়ের কিছু পূর্ব্বে রাও মহেশ নারায়ণের মৃত্যু হয়। রাও মহেশ নারায়-ণের পত্নী রাণী ৺ শ্যামাসুন্দরী দেবী বিধবা হওয়া কালে প্রৌঢ়া ছিলেন না। লালগোলার এই ঐশ্বর্য্য তাহারই হস্তে নিপতিত হয়। তিনি সকল বিষয়েই গুরুপত্নী ৺ মধুসুন্দরী দেবী ও গুরু-পুত্র ৺ কালীব্রহ্ম ভট্টাচার্য্যের পরামর্শে সম্পন্ন করিতেন। ৺ রাণী শ্যামাসুন্দরীর জীবন আদর্শস্থানীয়া কঠোর বৈধব্যে যাহা যাহা কর্ত্তব্য তাহা তিনি অকাতরে সম্পাদন করিয়া গিয়াছেন গুরু-ভক্তিও তাঁহার আদর্শ। মৃত্যুর কিয়ৎ দিবস পূর্ব্বে ৺ মহাভারত প্রতিষ্ঠা উপলক্ষে গুরুপুত্র ৺ কালীব্রহ্ম ভট্টাচার্য্য মহাশয়কে ৺ কাশীধামে লইয়া যাইয়া প্রায় ৩০০০৲ তিন হাজার টাকার দ্রব্যাদি দান করেন। ইনি পূর্ব্ব পুরুষের ন্যায় জপ, পুরশ্চরণ ও ব্রত যথেষ্ট করিয়াছেন। সর্ব্বদা গুরুহিতনিরত ছিলেন। এই আদর্শ রমণী জীবনের দীর্ঘকাল কাশীবাস করিয়া গিয়াছেন। মৃত্যুর পূর্ব্বে লালগোলা নিজ বাটীতে আসিয়া গুরু-চরণে নিজ

মস্তক স্থাপন করিয়া দেহত্যাগ করেন। ভট্টাচার্য্য মহাশয়ের নিস্পৃহতার একটী উদাহরণ যাহা আমরা তৎসাময়িক ব্যক্তির নিকট শুনিয়াছি তাহা উল্লেখ করিলাম। এক দিন রাও মহেশ নারায়ণ বলেন যে, আমার গুরুবংশ সম্পূর্ণভাবে আমাদের উপর নির্ভর করিতেছে। যদি এ বংশে কুলাঙ্গার জন্মে তাহা হইলে ইহাদের গতি কি হইবে অতএব যে কোন উপায়ে ইহাদিগের কিছু সম্পত্তি করিয়া দিতে হইবে। তৎকালীন দেওয়ান এ প্রসঙ্গ উত্থাপন করিলে ভট্টাচার্য্য মহাশয় উত্তর দেন যে "আমার কোন অভাব নাই, আশীর্ব্বাদ করি এ বংশে সেরূপ কেহ না জন্মগ্রহণ করে অতএব এ গোলযোগে আমার কি আবশ্যক। পরে ৬০০৲ ছয় শত টাকা লাভের সম্পত্তি লইতে স্বীকার করিয়া তাহাও অকারণ দান বলিয়া ঐ সম্পত্তির আয় হইতে মূল্য পরিশোধ হইলে গ্রহণ করিতে স্বীকৃত হন। তদ্‌পরে মহেশ নারায়ণের একান্ত জেদে ২টী জমিদারী মহাল খরিদ করিয়া এইমত ভাবে মূল্য পরিশোধ করিয়া গুরুপুত্রের হস্তে দেন। তৎপরে মহেশ নারায়ণের পত্নী রাণী শ্যামাসুন্দরী ও বর্ত্তমান রাজা যোগীন্দ্র-নারায়ণের যত্নে ঐ সম্পত্তি অনেকাংশে বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে। পদ্মার উভয় পার্শ্বে রাও সাহেব নিয়ম করিয়াছিলেন যে তাঁহাদের প্রদত্ত নিষ্কর ভূমি একধারে বা অপর ধারে আসিবে। একধারে অবশ্য গুরুদেবের থাকিবে। এই জন্য এই সকল নিষ্কর জমি কখন এক মৌজায় কখনও বা অপর মৌজায় স্থিত হইত। পাঠাদি সমাপন করিয়া গৃহে আগমনের কিছুদিন পরেই ভট্টাচার্য্য মহাশয়ের প্রথমা স্ত্রী অপুত্রক অবস্থায় পরলোক গমন করেন। তদ্‌পর শান্তিপুর নিবাসী ভুবনমোহন ভট্টাচার্য্যের দ্বিতীয়া

কন্যাকে বিবাহ করেন। কয়েক মাস মধ্যে তিনি পরলোক গমন করিলে তানোর নিবাসী বিজয়গোবিন্দ চৌধুরীর কন্যাকে বিবাহ করেন। এই বিবাহে তাঁহার এক কন্যা জগৎমোহিনী ও এক পুত্র হরিনারায়ণ জন্মগ্রহণ করেন। তৎপরে এই পত্নী বিয়োগ হইলে ৩১ বৎসর বয়সে পুণ্যশ্লোক মহারাণী ভবানীর গুরুবংশ স্বর্গীয় মহারাজা গোবিন্দচন্দ্র রায় বাহাদুরের গুরুদেব শান্তিপুর নিবাসী হরিনারায়ণ গোস্বামীর কন্যা হীরামতি দেবীকে বিবাহ করেন। এই গোস্বামী মহাশয়েরাই গোস্বামী ভট্টাচার্য্য বলিয়া খ্যাত এবং ইহাদের প্রবর্ত্তিত অনেক মত আছে।

৺ কালীব্রহ্ম ভট্টাচার্য্য জীবনে কাহারও নিকট কখনও কোন প্রার্থনা জ্ঞাপন করেন নাই। তথাপি তাঁহার যাবতীয় কার্য্য মহাবিত্তশালী ব্যক্তির ন্যায় নিষ্পন্ন হইত। অদ্যাপি তাঁহার কন্যার বিবাহের কথা এতদ্দেশে অনেকে গল্প করিয়া থাকেন, তাঁহার কার্য্যাদির বিশেষত্ব যে তাঁহার সকল কার্য্যই সাত্ত্বিকভাবে হইত। তাঁহার ন্যায় স্থির, অক্রোধী পুরুষ প্রায় দৃষ্ট হয় না। তাঁহাকে ক্রোধান্বিত কেহ দেখিয়াছেন কিনা সন্দেহের বিষয় তিনি কাহারও নিকট নিজ বিদ্যার পরিচয় দিতে ভালবাসিতেন না। তাঁহার অন্তরঙ্গের ব্যক্তি বা মনোমত সাধু সন্ন্যাসী ব্যতীত তিনি কাহারও সহিত শাস্ত্রালাপ করিতে ভালবাসিতেন না।

রাজা যোগীন্দ্র নারায়ণ ও তাহার দুই পুত্র হেমেন্দ্র নারায়ণ ও সত্যেন্দ্র নারায়ণ ও শ্রীযুক্ত গিরিশ নারায়ণ বাবু, শ্রীযুক্ত মহেন্দ্র নারায়ণ বাবু প্রভৃতি সকলে ইহাঁর মন্ত্রশিষ্য।

রাজবংশীয় সংস্পর্শে থাকায় তিনি বৈষয়িক কার্য্যাদিতেও বিশেষ অভিজ্ঞ ছিলেন। পরমুখাপেক্ষী হইয়া কখনও তিনি কর্ত্তব্য

হইতে বিচলিত হইতেন না। তিনি যাহা কর্ত্তব্য মনে করিতেন সহস্র প্রতিবন্ধক স্বত্বেও তাহা সম্পাদন করিতে ইতস্ততঃ করিতেন না। তিনি তান্ত্রিকসম্প্রদায়গত বিদ্বেষের বশীভূত ছিলেন না। বিষয়বান সংসারী হইয়াও তিনি পরমহংসের ন্যায় নির্লিপ্ত ভাবে জীবন যাপন করিতেন অন্নদান তাঁহার নিজগ্রামে প্রসিদ্ধ ছিল। সাধ্বী পত্নী শ্রীমতী হীরামতি দেবী অন্নপূর্ণার ন্যায় তাঁহার সংসারে অন্নদানে নিরত থাকিতেন, সাধ্বী হীরামতি দেবীর ন্যায় পরিশ্রমী ও সংসার বিষয়ে অভীজ্ঞা স্ত্রীলোক বিরল। যদিও ৺ কালীব্রহ্ম ভট্টচার্য্য মহাশয় বিশেষ কাহারও সংস্রবে আসিতেন না, তথাপি যাঁহারা কদাপি তাঁহার সহিত সংশ্লিষ্ট হইয়াছেন তাঁহারাই আকৃষ্ট না হইয়া যাইতে পারেন নাই। তাঁহার উদার উন্নত দেহ সদাহাস্য ও অমায়িক ভাবপূর্ণ কথা যে দেখিয়াছে ও শুনিয়াছে সেই তাঁহাকে শ্রদ্ধাভক্তি করিতে বাধ্য হইয়াছে। বাটীর কোন ক্রিয়ায় তিনি বিচলিত হইতেন না বা সামান্য উৎকন্ঠিত হইতে কেহ দেখেন নাই। তাঁহার নিস্পৃহতার উদাহরণ অনেক বর্ত্তমান আছে।

১৩১১ সালের চৈত্র অশোক ষষ্ঠীর দিন তাঁহার শেষ সাধ্বী পত্নী সামান্য জ্বরে সজ্ঞানে স্বামীর পদধূলি লইয়া প্রাণত্যাগ করেন। লালগোলাবাসী অনেকে এ সংবাদ জানিতেন না কিন্তু অশোক ষষ্ঠীর দিন প্রভাতে দেখে যে গুরুহিত নিয়ত বর্ত্তমান রাজা বাহাদুর তাঁহার গুরুপুত্রদের সহিত তাঁহার গুরুপত্নীর শবদেহ স্কন্ধে করিয়া অগ্রসর হইতেছেন। বহুপরিবার লইয়া হিন্দু গৃহিণীর কর্ত্তব্য তাঁহার জীবন হইতে শিখিতে পারা যায়। যথাযোগ্য সমারোহ সহকারে তাঁহার শ্রাদ্ধ সম্পন্ন হয়। বর্ত্তমান রাজা বাহাদুরেরও গুরুভক্তি আদর্শস্থানীয় গুরুগৃহের যাবতীয় কার্য্য তিনি

নিজগৃহের কার্য্যের ন্যায় সম্পন্ন করিতেন। সকল কার্য্য বিশেষ সমারোহ সহকারে হওয়ার কারণই তিনিই। তাঁহার প্রথম গুরু-কন্যার বিবাহে ১০০০০৲ দশ হাজার ও দ্বিতীয় গুরুপুত্রের অন্নপ্রাসনে ২০০০৲ দুই হাজার টাকা সাহায্য করিয়াছেন। উদাহরণস্বরূপ এই দুইটী উল্লেখ করিলাম।

ভট্টাচার্য্য মহাশয় কাহারও বাটীতে যাইতে বিশেষ অনিচ্ছুক ছিলেন। কুটুম্ব আত্মীয় ব্যতীত অতি অল্প লোকের বাটীতে তিনি কদাপি গমন করিতেন; বালুচরে ৺ তারিণীশঙ্কর ভট্ট লব্ধপ্রতিষ্ঠ কবিরাজ ।ছিলেন। তিনি মুর্শিদাবাদের নবাব, নাজিমের প্রিয় কবিরাজ চিলেন। এককালে ভট্টবংশীয়ের প্রতাপে বালুচর কম্পান্বিত থাকিত। ইহাঁদের সহিত ভট্টাচার্য্য মহাশয়ের বিশেষ বন্ধুত্ব ছিল। ৺তারিণীশঙ্কর ভট্ট মহাশয়ের পুত্র ৺উপেন্দ্র নারায়ণ ভট্ট মহাশয় বর্ত্তমান নবাব বাহাদুরের পারিবারিক কবিরাজ ছিলেন। অদ্যাপি তাহার জ্যেষ্ঠ পুত্র বাবু নরেন্দ্র নারায়ণ ভট্ট মহাশয় নবাব দরবারে কবিরাজ আছেন।

১৩১৫ সালে আশ্বিন মাস হইতে ৺ কালীব্রহ্ম ভট্টাচার্য্য মহাশয়ের শরীর এককালীন ভগ্ন হয়। মৃত্যুর বিষয় স্পষ্ট বলিলে সন্তানেরা ব্যাকুল হইবে এইজন্য তিনি নানা উপায়ে প্রকারান্তরে ইহা তাহাদিগকে উপদেশ দিতেন।

আশ্বিন মাস হইতে শরীর ভগ্ন হয় অবশেষে ১৩১৫ সালের ১০ই পৌষ রাত্রিকালে সন্ন্যাস রোগাক্রান্ত হয়েন। চিকিৎসা যত্ন ও চেষ্টাসত্ত্বেও ১৭ই পৌষ নবমী তিথিতে সন্ধ্যার সময় পুত্র, পৌত্র, দৌহিত্র জামাতাদি বৃহৎ পরিবার পশ্চাৎ রাখিয়া অনন্তধামে গমন করেন। ভট্টচার্য্য মহাশয়ের ছয় পুত্র ও পাঁচ কন্যা,

তাঁহার পুত্রেরা যথোপযুক্ত সমারোহে শ্রাদ্ধাদি নিষ্পন্ন করিয়াছিলেন।

Amrita Bazar (Daily)—

"The preceptor (Guru) of Raja Bahadore of Lalgola Pandit Kali Brahmo Bhattacharjea died of Apoplexy at the ripe old age of 75 years on the 1st January last leaving behind six sons............ He was a tantric of the class Bir. His door was always open to the needy and the poor. His smiling and grave appearance his long and fine stature used to remind us of the description of Roghu by Kalidas.

* * * * * *

The Bengalee (Daily)—

We greatly deplore the death of Pandit Kali Brohmo Bhattacherjea of Lalgola Murshidabad. He is a friend of the poor. His smiling face attracts everyone who comes in contact with him for a few time. He might have amassed a good fortune had he been to that nature ....

* * * * * *

We sympathise his sons heartly.

The Statesman—

Murshidabad District lost an ideal "Tantric" at the death of Pandit Kali Brohmo Bhattacherjea of Lalgola. We may call him a "*Full man*" in the strictest sense. He has spent his life as if he is not a man of this world. We heartly sympathise his death.

১। জ্যেষ্ঠ পুত্র শ্রীযুক্ত হরিনারায়ণ ভট্টাচার্য্য ইহাঁর বিবাহ লালগোলা নিবাসী শ্রীযুক্ত মথুরানাথ চৌধুরীর চতুর্থা কন্যা শ্রীমতি চমৎকারিণী দেবীর সহিত হইয়াছে।

২। দ্বিতীয় পুত্র শ্রীনুটুগোপাল ভট্টাচার্য্য। বিবাহ বালুচর নিবাসী শ্রীযুক্ত যদুনাথ সার্ব্বভৌমের প্রথমা কন্যা কালীদাসী দেবীর সহিত হয়। সাধ্বী কালীদাসী দেবী ১৩২১ সালের ৩রা জ্যৈষ্ঠ সন্তানে ৩ পুত্র ও ৩ কন্যা রাখিয়া পরলোক গমন করেন।

(ক) শ্রীমান বিনয় কুমার ভট্টাচার্য্য, শ্রীমান সুবোধ কুমার ভট্টাচার্য্য ও শ্রীমান অমিয়কুমার ভট্টাচার্য্য।

(খ) জ্যেষ্ঠা কন্যা শ্রীমতী বরদাসুন্দরী দেবী বিবাহ কানসাট (মালদহ) নিবাসী শ্রীমান কৃষ্ণজীবন সান্যালের সহিত। দ্বিতীয়া শ্রীমতী শরৎকুমারী দেবী বিবাহ চকপাড়ানিবাসী শ্রীমান অতুলচন্দ্র মৈত্রের সহিত। অবিবাহিতা কন্যা শ্রীমতী রোহিৎকুমারী দেবী।

৩। শ্রীমান অন্নদাকুমার ভট্টাচার্য্য। ইহাঁর বিবাহ ভাগলপুর নিবাসী শ্রীযুক্ত বঙ্কুবিহারী চক্রবর্ত্তীর জ্যেষ্ঠা কন্যা শ্রীমতী চারু ভাষিণী দেবীর সহিত হইয়াছে। ইহার ৩ কন্যা ও ১ পুত্র।

(ক) শ্রীমান সুশীলকুমার ভট্টাচার্য্য।

(খ) জ্যেষ্ঠা কন্যা শ্রীমতি সরোজিনী দেবী বিবাহ শান্তিপুর নিবাসী শ্রীমান অনুপলাল গোস্বামীর সহিত। অবিবাহিতা কন্যাদ্বয়—শ্রীমতী পঙ্কজিনী দেবী ও শ্রীমতী কমলিনী দেবী।

(৪) শ্রীমান কেদার নাথ ভট্টাচার্য্য, ইহাঁর বিবাহ পীরগাছা নিবাসী শ্রীযুক্ত হেমেন্দ্র নারায়ণ রায় চৌধুরির প্রথমা কন্যা শ্রীমতি তরঙ্গিণী দেবীর সহিত হইয়াছে। ইহার ১ পুত্র ও ১ কন্যা।

(ক) শ্রীমান তুলসী দাস ভট্টাচার্য্য, কন্যা শিশু।

৫। শ্রীমান শম্ভুনাথ ভট্টাচার্য্য। ইহার বিবাহ বালুচর নিবাসী শ্রীযুক্ত উদয় নারায়ণ ভট্টাচার্য্যের প্রথমা কন্যা শ্রীমতি চিন্ময়ী দেবীর সহিত হইয়াছে।

৬। শ্রীমান প্রসন্ন কুমার ভট্টাচার্য্য।

১। শ্রীমতী জগৎমোহিনী দেবী ইহার বিবাহ বর্ত্তমান সব জজ শান্তিপুর নিবাসী শ্রীযুক্ত রমাপ্রসাদ মৈত্রের সহিত। ইহার চারি কন্যা।

২। শ্রীমতী চিণ্ময়ী দেবী। ইহার বিবাহ মেঘনা নিবাসী বর্ত্তমান উকিল শ্রীঅবিনাশচন্দ্র মৈত্রের সহিত। ইহার বর্ত্তমান শ্রীমান হরেন্দ্রকুমার মৈত্র প্রভৃতি তিন পুত্র ও দুই কন্যা।

৩। শ্রীমতী ঈশানীময়ী দেবী ইহার বিবাহ শান্তিপুর নিবাসী শ্রীযুক্ত সুরেন্দ্রকুমার গোস্বামীর সহিত। ইহার এক কন্যা।

৪। শ্রীমতী প্রফুল্লনলিনী দেবী ইহার বিবাহ শান্তিপুর নিবাসী শ্রীযুক্ত দেবেন্দ্র কুমার গোস্বামীর সহিত। ইহার যশোদা-নন্দন গোস্বামী ও অপর একটী শিশু এই দুই পুত্র।

৫। শ্রীমতী ননীবালা দেবী বিবাহ পাবনা নিবাসী শ্রীমান মণীন্দ্রনাথ তালুকদারের সহিত।

কুলাবধূতাচার্য্য স্বর্গীয় কৌলানন্দ নাথঃ।
৺কালীব্রহ্ম ভট্টাচার্য্য নাম্না প্রসিদ্ধঃ।

উৎসর্গ।

শাণ্ডিল্য গোত্রেষু মহর্ষিকল্পঃ
শ্রীভট্টনারায়ণ বিপ্রবর্য্যঃ।
সর্ব্বত্র বিখ্যাতযশা মহাত্মা
রেজে জনৈঃ পূজিতপাদপদ্মঃ॥
একত্রিংশদধস্তাৎ যঃ পুরুষঃ পুরুষাগ্রণীঃ
কালীব্রহ্ম সমাখ্যাতো ভট্টাচার্য্য মহাশয়ঃ॥
তস্যাধমেন পুত্রেণ পিতৃভক্তি মজানতা।
শ্রীমতা নুটুগোপাল ভট্টাচার্য্যেণ যত্নতঃ॥
ময়াভিলিখ্য পুস্তীয়ং নিত্য-কর্ত্তব্য সংজ্ঞিতা
স্বর্গীয় পিতৃদেবস্য পাদপ্রান্তে সমর্পিতা॥
গুরুদেব মুখোদ্গীর্ণান্যুপদেশ পরাণি চ।
বচাংসি স্মৃতিমার্গে মে যানি সন্তি তদাশ্রয়াৎ॥
স্বকীয় বাৎসল্য গুণৈ রুদারৈঃ
দত্তঞ্চ যন্ময্যুপদেশ জাতং।
তদেব গ্রন্থস্য নিদান ভূতং
দুর্ম্মেধসো মে কিমু বাচ্যমন্যৎ॥

পঞ্চাশত্তন্ত্রশাস্ত্রাণি মূলাচ্ছেষং তথা ময়া।
আলোচ্যৈব ব্যবস্থাভি র্নিবন্ধোয়ং সতাং মুদে।
নির্মৎসরাঃ সুধিয়ো যে গুণদোষবিজ্ঞা
স্তে হংসবৎ সকল দোষ মপাস্য বুদ্ধ্যা।
চেদস্তি কোঽপি গুণলেশ ইতঃ কৃতৌ মে
তেনৈব মাং সুকৃতিনঃ পরিতোষয়ন্তু॥

নিবেদক

শ্রীনুটুগোপাল ভট্টাচার্য্য তন্ত্ররত্ন।

——০——

শ্রীনুটুগোপাল ভট্টাচার্য্য তন্ত্ররত্ন

নিবেদন।

স্বর্গীয় দেবোপম পিতৃদেবের নিকট যে সময় উপদেশ পাইতাম সেই সময় হইতেই একটী দৈনন্দিন বিধি প্রণয়নের ইচ্ছা বলবতী হয়। সেই সময় এ ইচ্ছা কার্য্যে পরিণত হইলে এ সংগ্রহ অমূল্য হইত, কিন্তু নানাপ্রকার বাধায় তাহা ঘটে নাই। তাঁহার অমৃতময় মধুর উপদেশ যাহা আমার অনুর্ব্বর মস্তিষ্ক স্মরণ রাখিয়াছে তাহাই **কথা** আখ্যায় প্রথমে লিপিবদ্ধ করিলাম। ভাষার ক্রুটী ও অসামঞ্জস্য যাহা হইল অনুগ্রহ করিয়া পাঠক মহাশয়েরা উপেক্ষা করিয়া সংশোধন করিয়া লইবেন।

সুধীগণের নিকট বিনীত প্রার্থনা যে আমার এই আকাশ-কুসুম সদৃশ চেষ্টায় তাঁহারা আমায় উৎসাহিত করিবেন এবং সকল প্রকার ভ্রম সংশোধন করিয়া সাধারণের কার্য্যোপযোগী করিয়া দিবেন।

পুস্তিকাখানি প্রনয়নে আমাকে বহু পরিশ্রম করিতে হইয়াছে। কেবল নিত্যকর্ম্ম হইলে এমত হইত না। সাধ্যমত সকল কর্ম্মের ব্যবস্থা সংগ্রহ করিতে চেষ্টা করায় প্রায় পঞ্চাশ খানি তন্ত্র গ্রন্থ আমাকে পর্য্যালোচনা করিতে হইয়াছে।

কোন পূজাপদ্ধতি অনুরূপ বিশেষ ভাবে জ্ঞাত থাকিলে সামান্য চেষ্টায় সকল পূজা অভ্যস্ত হয়, এই ধারণায় কেবল ৩ তিনটী পূজা সন্নিবেশ করিলাম। গুরু ভিন্ন কোন কার্য্যই ফলদায়ক হয় না। উপদেশ ব্যতিরেকে কার্য্য করিতে অগ্রসর হওয়া বাতুলতা মাত্র। এই জন্য আমার নিবেদন উপদেশ ব্যতিরেকে কার্য্য করিতে যাইয়া বিপদ্গ্রস্ত হইবেন না।

বিধি নির্যাতনে মানসিক অসুস্থতা হেতু সংশোধনের ত্রুটী গ্রহণ করিবেন না ইহাই শেষ অনুরোধ।

এই গ্রন্থ প্রণয়নে যে ভাবে যাঁহারা সাহায্য করিয়াছেন, তাঁহাদের নিকট আমি কৃতজ্ঞ।

পরিশিষ্ট খণ্ডে দল সাধন আখ্যায় সময়াতন্ত্রোক্ত ষট্ চক্র ভেদ লিপিবদ্ধ করিলাম।

পরিশেষে বক্তব্য এই সংগ্রহ কার্য্যে আমার কনিষ্ঠ শ্রীমান্ অন্নদাকুমার ভট্টাচার্য্য ভায়ার পরিশ্রমে আমি উপকৃত। আমার আন্তরিক আশীর্ব্বাদ ভিন্ন তাহাকে দেয় আর কিছুই নাই। নিবেদন ইতি—

লালগোলা
ঠাকুরবাটী
১৯১৪ সাল

শ্রীনুটুগোপাল ভট্টাচার্য্য তন্ত্ররত্ন।

—o—

৫২২৪

কথা।

(১)

এই যে চন্দ্র সূর্য্য প্রভৃতি সৌর মণ্ডল এবং পাহাড় পর্ব্বত, গাছ পালা ঘর বাড়ী ইত্যাদি নানা পদার্থ স্থূল জগৎটা আমাদের সম্মুখে প্রতিভাত হইতেছে ইহা কিছু আদিম অবস্থা নহে। কিছু ভাবিলেই বুঝা যায় যে এই সমস্ত পদার্থ অতি সূক্ষ্ম পরমাণুর সমষ্টি মাত্র। সূক্ষ্ম পরমাণু সকল পরস্পর সন্নিবেশিত হইয়া এই স্থূল জগৎ উৎপন্ন হইয়াছে। সূক্ষ্ম হইতে যে স্থূলের উৎপত্তি এ কথা সর্ব্ববাদী-সম্মত। পরমাণু সকলকে ক্রমশঃ আরও সূক্ষ্মাকারে বিভক্ত করিতে হইলে অবশেষে গুণ বা শক্তি মাত্রেই পর্য্যবসিত হইবে। যে পদার্থের যাহা শক্তি বা গুণ তাহাই সেই পদার্থের আদিম অবস্থা। স্থূল অগ্নির দাহিকা শক্তিই তাহার আদিম সূক্ষ্মাবস্থা। তাহা হইলেই এই স্থূল দৃশ্যমান জগৎ শক্তি বা গুণের বিকৃত অবস্থা।

জগতের যাবতীয় কার্য্য নিয়ম মত সম্পাদিত হইতেছে। প্রত্যেক পদার্থই এক অবস্থা হইতে অনবরত অবস্থান্তরিত হইতেছে। সামান্য সর্ষপপ্রমাণ বীজ হইতে প্রকাণ্ড বটবৃক্ষ আবার ঐ বৃক্ষ দগ্ধ হইয়া কোন প্রকার বিভিন্ন পরমাণুতে অবস্থান করিতেছে। প্রত্যেক সৃষ্টি ব্যাপারের অভ্যন্তরেই প্রকৃষ্ট বুদ্ধি-কৌশলের পরিচয় পাওয়া যায়।

স্থলচর, জলচর ও উড্ডীনশীল সকল জীবেরই আবশ্যক মত অঙ্গ ও ইন্দ্রিয় বর্ত্তমান ইহা কি প্রকৃষ্টবুদ্ধির পরিচায়ক নহে। জগৎ বৈষম্যময়। আকৃতি বা গুণে এখানে ২টী বস্তু সর্ব্বদা সমান নাই

বা সমান হইতে পারে না। স্থূল দৃষ্টিতে এক দেখিতে পাইলেও কিন্তু তাহাদের পার্থক্য অনেক, ইহা লক্ষ্য করিলেই বুঝা যায়।

এখানে এই শক্তি জড় শক্তি মাত্র নহে। তাহা হইলে এ শৃঙ্খলা থাকে না। যেমন বাষ্পীয় শক্তি চৈতন্য শক্তির দ্বারা পরিচালিত না হইলে কদাচই যথানিয়মে চলিতে পারে না, সেইরূপ জগতের মূল উপাদান শক্তি সহিত চৈতন্য শক্তি না থাকিলে জগৎ চলিতে পারে না। সেই চৈতন্য শক্তিই আমাদের ভগবান্।

সূর্য্য পৃথিবী আদি আবার লয় পাইবে আবার হইবে। এই সৃষ্টি প্রবাহ অনাদিত্ব ও এক নিয়মত্ব ইহা সহজেই বুঝা যায়।

সূর্য্যা চন্দ্র মসৌ ধাতা যথাপূর্ব্ব মকল্পয়
দ্দিবঞ্চ পৃথিবী ঞ্চান্তর ক্ষ মথো স্বঃ।

সত্ত্ব রজঃ ও তমো গুণের সাম্যাবস্থা অক্রিয়াবস্থা সেই অবস্থাকেই প্রকৃতি বলে। প্রকৃতি ত্রিগুণময়ী ও সচ্চিদানন্দ স্বরূপ পরম ব্রহ্মের সৃষ্টিকারিণী শক্তি মাত্র। এই প্রকৃতিই জগতের মূল উপাদান এবং এই গুণের বৈষম্যতায় উৎপত্তি, স্থিতি ও সংহার অবিরত হইতেছে। এই শক্তিই আদ্যা শক্তি, যেমন প্রদীপ হইতে প্রজ্বলিত অন্য প্রদীপের ন্যায় এই আদ্যার রূপান্তর বহুবিধ শক্তি। তন্ত্রে এই শক্তি আদ্যা কালী। আদ্যা শক্তির প্রথম পরিণাম মহত্তত্ত্ব বা বুদ্ধিতত্ত্ব, তাহার পরিণাম অহঙ্কার, অহঙ্কারের পরিণাম পঞ্চভূতের সূক্ষ্মাবস্থা, পঞ্চ তন্মাত্র ও একাদশ ইন্দ্রিয় পঞ্চ তন্মাত্রের পরিণাম ক্ষিত্যাদি এই স্থূলভূতের বিকাশই নিখিল পদার্থের উৎপত্তি। সেই চৈতন্যময়ী আদ্যাশক্তি হইতে অনুলোম ক্রমে সে ভাবে উৎপত্তি, আবার বিলোম ক্রমে লয়

প্রাপ্ত হয়। যেখানে চৈতন্য সেইখানেই প্রকৃতি, আবার যেখানে প্রকৃতি, সেইখানেই চৈতন্যের সত্তা নিত্য বিদ্যমান। কেবল অজ্ঞানকে বুঝাইবার জন্য পার্থক্য কল্পিত হয়। প্রত্যেক সৃষ্টিতে এক অখণ্ড চৈতন্যের একাংশে মাত্র ব্যবহারিক জগৎ ভাসমান। এবং তাহার অবশিষ্ট তিন অংশ নিজ স্বপ্রকাশ রূপে অবস্থিত আছেন।

পাদোঽস্য বিশ্বভূতানি ত্রিপাদস্তি স্বয়ংপ্রভঃ
ইত্যেক দেশ বৃত্তিত্বং মায়ায়া বদতি শ্রুতিঃ।

পঞ্চদশী।

অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন।
বিষ্টভ্যাহমিদ কৃৎস্ন মেকাংশেন স্থিতো জগৎ॥

গীতা।

এই সকল হইতে জানা গেল যে, পরমব্রহ্ম বা আদ্যা ব্রহ্মাণ্ডকে সর্ব্বোতোভাবে আবৃত করিয়াও ব্রহ্মাণ্ডের বাহিরে অবস্থিতি করিতেছেন। আদ্যাশক্তি বা পরম ব্রহ্মের দুইটী অবস্থা নির্গুণ ও সগুণ। যখন তিনি স্বপ্রকাশরূপে নিজ স্বরূপে অবস্থিত থাকেন সেই অবস্থাকে নির্গুণ বলা যায়। আর যখন সৃষ্টি শক্তিরূপা তখন তিনি সগুণ ঈশ্বর। এই ঈশ্বর আবার সৃষ্টিস্থিতি ও সংহার কার্য্যার্থে ত্রিধা বিভক্ত হইয়া ব্রহ্মা, বিষ্ণু মহেশ্বর।

একা মূর্ত্তি স্ত্রয়ো ভাগা ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরাঃ
এই সগুণ ব্রহ্ম বা ঈশ্বরই উপাস্য।

নির্গুণের উপাসনা নাই হইতেও পারেনা। তিনি কেবল জ্ঞেয় পদার্থ। সগুণ ব্রহ্ম বিষয়ক মানস ব্যাপারের নামই উপাসনা। নিজ রুচি ভেদে তিনি কাহারও নিকট স্ত্রী বা পুরুষ আবার কাহারও নিকট স্ত্রী পুঃ ভাবের অতীত বলিয়াই প্রতীয়মান হয়েন। বস্তুতঃ মায়ায় অভিভূত বিষয়াসক্তচিত্ত সংসারী মানবের মলিন অন্তঃকরণে নির্গুণ বা নিরাকারের ধ্যান ধারণা বা উপলব্ধি হয় না বলিয়া ভগবান কৃপা করিয়া সাধকের হিতের নিমিত্ত অনুকূল মূর্ত্তি পরিগ্রহ পূর্ব্বক তাহাদিগকে কৃতার্থ করিয়া থাকেন।

সাধকানাং হিতার্থায় ব্রহ্মণো রূপকল্পনা॥

জ্যোতিষ শাস্ত্রে বিবৃত আছে যে ব্যক্তি মাত্রই প্রকৃতি ভেদে এক এক রস ও এক এক বর্ণ। জন্মকালে গ্রহাদির সমাবেশ বা আধিপত্য ঐরূপ ঘটে। যেমন লিখিত আছে, চন্দ্রের অংশ যাহার শরীরে অধিক লবণ ও শুক্লবর্ণ তাহার প্রিয় আবার রব্যাদি গ্রহ কতক পুং জাতীয় ও কতক স্ত্রীজাতীয়। যাহাদের শরীরে পুং দেবতার ভাগ অধিক তাহারা পুং দেবতা ভালবাসে। বস্তুতঃ ঐ সমস্ত ভিন্ন ভিন্ন মূর্ত্তি একই ঈশ্বরের বিভিন্ন বিকাশ বলিয়া যে ব্যক্তি যে ভাবেই উপাসনা করুক, তাহাতে ব্রহ্মভাব থাকিলে সেই সগুণ উপাসনাই সিদ্ধ হইয়া থাকে।

যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম।

গীতা।

দুঃখের কথা হিন্দু জাতিকে সকলেই পৌত্তলিক বলিয়া বিদ্রূপ করেন। কিন্তু প্রকৃত পক্ষে তাহা নহে। হিন্দুর দৃষ্টিতে সর্ব্বং ব্রহ্ম-ময়ং জগৎ "ওঁ" একমেবাদ্বিতীয়ং। ব্রহ্মাণ্ডের সকল স্থানে চেতন

অচেতন স্থূল সূক্ষ্ম সকল পাদার্থের অভ্যন্তরেই হিন্দু এক অখণ্ড অদ্বিতীয় পরমাত্মার সত্তাই উপলব্ধি করিয়া থাকেন। সেই জন্যই হিন্দুশাস্ত্রে দেবতার গঠিত মূর্ত্তি এবং ঘট পট জল অনল প্রভৃতি সকল আধারেই এমন কি সামান্য প্রস্তর খণ্ডেও সগুণ ব্রহ্মের অর্চ্চনা করিবার বিধান আছে। শিবোভূত্বা শিবং যজেৎ। উপাসকগণ নিজ নিজ উপাস্য দেবতাকে সোঽহং ভাবে অর্থাৎ স্বীয় আত্মার সহিত অভেদ জ্ঞানে অর্চ্চনা করেন।

(২)

আজ কাল অনেকেই তান্ত্রিক আচার ব্যবহারকে নিন্দা ও কুৎসিত ভাষা প্রয়োগ করিয়া বিদ্রূপ করেন। বলিদান হইলেই মহা প্রসাদ বলিয়া নানা প্রকার উপহাস হইয়া থাকে। এমন কি অনেকে কষাইখানার মাংসকে মহাপ্রসাদ বলিয়া অভিহিত করিয়া আত্মবুদ্ধির পরিচয় দিয়া থাকেন। অনেক বুদ্ধিমান ব্যক্তি মহাপ্রসাদ শব্দটী মাংস মাত্রের উপর প্রয়োগ করিয়া উহাকে একরূপ পারিভাষিক করিয়া লইয়াছেন। ঐরূপ মাংস ভক্ষণ পরম দুর্ভাগ্যের বিষয়। অবৈধ মাংস ভোজনে বৃথা পশু-হিংসা জন্য পাপভাগী হইয়া প্রায়শ্চিত্তার্হ হইতে হয়। ঐরূপ মাংস খাইতে ইচ্ছা করাও পাপ। অজস্র অসংযত ভোগসুখের শাস্ত্রে বিধান নাই। শাস্ত্র সংযমই শিক্ষা দেয়। শাস্ত্রে স্বেচ্ছাচারের বিধান নাই, সংযমেরই বিধান আছে। সংযত সুখই সুখ, সে সুখের পরিণামে দুঃখ নাই কিন্তু এই সকল বলিতে যাইলে তান্ত্রিক আচার লইয়া সকলে বিদ্রূপ করিবেন। তন্ত্রের প্রারম্ভে উক্ত আছে।

কৃপাণধারা গমনাদ্ ব্যাঘ্রকণ্ঠাবলম্বনাৎ
ভুজঙ্গ ধারণান্নৄন মশক্যং কুলসাধনম্ ॥

সকলেই বলিয়া থাকে বৌদ্ধ ধর্ম্মের অহিংসা পরম ধর্ম্ম বাক্যই সার। কিন্তু বেদেও উক্ত হইয়াছে “মা হিংসাৎ সর্ব্বভূতানি” কিন্তু তাই বলিয়া আমরা বেদের বিরুদ্ধে কার্য্য করি না। পুরাণাদিও বেদের বিরোধী নহে। ধর্ম্ম সর্ব্বত্রই সমান। বেদ পুরাণাদি সর্ব্বত্রই প্রাণিহত্যার নিষেধও আছে। দেবোদ্দেশে পশ্বাদি বলির বিধানও আছে কিন্তু তাহা হইলে দুই কি প্রকারে হইতে পারে ইহার মীমাংসা যে প্রাণ-হিংসার নিষেধ সাধারণ স্থলেই থাকিবে। যাগ যজ্ঞ পূজাদি যে কয়েকটী স্থলে পশ্বাদি বলিদানের বিধি আছে কেবল সেই কয়েকটী স্থলেই ঐ নিষেধ যাইতে পারিবে না। সুতরাং তাহার অতিরিক্ত যাবতীয় স্থলে প্রাণি-হিংসার নিষেধ অব্যাহত।

এক্ষণে জিজ্ঞাস্য দেবতা কি এই বলি গ্রহণ করেন? কেন তিনি করিবেন না, শাস্ত্রবিধি যখন তাঁহারই আদেশ বিশেষ, শাস্ত্রে যখন এইরূপ পূজোপহার দিবার বিধি আছে, আমি যখন ভক্তি পূর্ব্বক তাহা তাঁহাকে দিতেছি, তখন তিনি তাহা গ্রহণ করিবেন না কেন? রাজা প্রজার উপহার লইবেন না? প্রভু ভৃত্যের সেবা লইবেন না। তিনি সর্ব্বেশ্বর, সর্ব্বশক্তিমান, সর্ব্বান্তর্যামী আমার অকপট ভক্তিভাব কেন তিনি গ্রহণ করিবেন না। ভাবগ্রাহী জনার্দ্দন এ বাক্যে যেমন সংশয় নাই, আমার ভাব যদি একনিষ্ঠ ও নির্ম্মল হইল তাহা হইলে তাঁহার তাহা গ্রহণ পক্ষেই বা সংশয় কি? উপাসনা মুখ্যত মানস ব্যাপার আর

ভক্তের আত্মবৎ সেবাই যথার্থ সেবা। যাহা দিয়া আমার আত্ম-তুষ্টি, তাহাতেই জানিব তাঁহার তুষ্টি। সর্ব্ব বস্তুই তাঁহার, তাঁহার বস্তু তাঁহাকে দান করা ইহা বাহ্যিক অসঙ্গত। কিন্তু দেখুন আমার বাগানের ফুলের যদি একটা সুন্দর মালা গাঁথিয়া আমাকে আমার চাকর দেয় তাহা হইলে কি আমি তাহা লইব না। সেইরূপ আমরা সকলেই সেবক আমাদের সেবা করিবার বুদ্ধিও তিনি দিয়াছেন, আমরা তাঁহাকে সেবা করিতে পাইব না কেন? এক্ষণে সূক্ষ্মরূপে চিন্তা করিলে যেমন ধন জনাদি স্বকীয় বোধ হইলেও তাঁহার তদ্রূপ শাস্ত্র অধ্যয়ন গুরূপদেশ গ্রহণে পুনঃ পুনঃ অনুশীলনে ও জীবনব্যাপী ধ্যান ধারণায় ঐরূপ প্রতীতি সিদ্ধবৎ হইয়া যায়। তখন অধ্যয়নাদি কমিতে থাকে। সিদ্ধি সাফল্যের সুব্যক্ত নিদর্শন পূর্ণানন্দের নিরন্তর স্ফূর্ত্তি হইতে থাকে। তখন তিনি চতুর্থ আশ্রমের অধিকারী হন। সে অবস্থায় ভেদ থাকে না। জীবই তখন শিবত্ব প্রাপ্ত, কে আর শিবের অর্চ্চনা করিবে। প্রারব্ধ ক্ষয় না হওয়া পর্য্যন্ত সেই জীবন্মুক্ত পুরুষ সেই সেই দেহ-ধারণ পূর্ব্বক সংসারে বিরচণ করিতে থাকেন মাত্র। অনন্তর জলবুদ্‌বুদ যেমন জলে লয় প্রাপ্ত হয়, জল রাশির সহিত আর তাহার পার্থক্য থাকেনা, তদ্রূপ তিনি চিদানন্দ সমুদ্র স্বরূপ পরমব্রহ্মে লয় প্রাপ্ত হন। এই অবস্থায় জাতিধর্ম্মই বা কি, পূজা পাঠই বা কি, শৌচ অশৌচই বা কি? এক্ষণে অহিংসা শব্দ প্রয়োগ করিয়া দেবতার প্রীতির জন্য পশু বলি কি সঙ্গত বা ইহাতে কি তাহার প্রীতি হয়? কেন হইবে না যদি পশু বলিতে কুতীর বিদ্বেষ থাকে তাহা হইলে আপনি সর্ব্বাহিংসানিবৃত্ত ও মৎস্য মাংস ত্যাগী হউন, নিরামিষ উপচারে সাত্ত্বিক ভাবে আপনি পূজা

করিবেন। যাহার যেরূপ মতি গতি সেইরূপ অধিকার হইয়া থাকে, তাহারত পরম ভাগ্যের কথা। সেইরূপ ভাগ্যবান ব্যক্তির পক্ষে শাস্ত্রে সেইরূপ সাত্বিকী পূজারই বিধান আছে; কিন্তু যদি আমার মৎস্য মাংস ভোজনে প্রীতি ও প্রবৃত্তি থাকে, আত্মীয় বন্ধু বান্ধবকে মাংসাদি ভোজন করাইয়া আনন্দ বোধ করি, তাহা হইলে দেবার্চ্চনা কালে দেবতাকে উৎসর্গ করিয়া দেব-প্রসাদ পাইতে কুণ্ঠা বোধ করিবেন কেন? প্রথমতঃ অনিবেদিত বস্তু ত খাইতেই নাই, দ্বিতীয়ত নিজের প্রিয়ভোজ্য বস্তু নিজের আত্মীয় স্বজনকে ভোজন করাইয়া তৃপ্তি বোধ হয়, আর জগন্মাতা বা জগৎপিতাকে নিবেদন করিয়া তৃপ্তি বোধ হইবে না? বরং উদ্দেশ্যে উক্ত বলি প্রদানে হিংসা জন্য বিষাদের ভাব মনে স্থান পাইবে না অধিকন্তু ঐরূপ ব্যবহার যখন তখন জীবহিংসার ইচ্ছাও উপশমিত হইবে। আমরা পূজায় বলির সংস্রব থাকায় নিতান্ত লজ্জিত বোধ করি, অথচ ভোজনকালে কোনরূপ ইতস্ততঃ করি না ইহা কি সঙ্গত?

তন্ত্রেত আছে—জীবো জীবস্য জীবনম্।

এক জীবই অন্য জীবের জীবন বা জীবনধারণের কারণ। আমরা ফল মূল শস্য যাহাই ভোজন করি তাহাতেই জীব-হিংসা জীব-নাশ হইতেছে। জল বায়ু ভূমি কোন স্থান জীবশূন্য। এই জন্য জ্ঞানতঃ অজ্ঞানতঃ হিংসার জন্য শাস্ত্রকারেরা আমাদের নিত্য প্রায়শ্চিত্তের বিধান করিয়াছেন। (এরূপ স্থলে ছাগাদি বৃহৎ জীবের হিংসা সম্বন্ধে এইরূপ বিচার করিয়া ব্যবস্থা হয় নাই তাহা নহে। তাহার অবিকল বঙ্গানুবাদ নিম্নে দিলাম। বেদে এই সকল জন্য সর্ব্ব সংশয় নিরাস করিয়াছেন। "তস্মাদ্ যজ্ঞে

বধোঽবধঃ—যজ্ঞাদি স্থলে যে পশু বধ সে অবধ অর্থাৎ বধ জন্য দুরদৃষ্টের প্রয়োজকই নহে। বিধি দুই প্রকার প্রবর্ত্তক ও নিবর্ত্তক। সময়াতন্ত্রে স্পষ্ট উক্ত হইয়াছে "প্রবৃত্তিশ্চ নিবৃত্তিশ্চ দ্বৌ ভাবৌ জীব সংস্থিতৌ। প্রবৃত্তিমার্গ সংসারী নিবৃত্তিঃ পরমাত্মনি। নিবৃত্তিস্তু মহাফলা।

সর্ব্বভূত হিংসা নিষেধক শ্রুতির সহিত যজ্ঞীয় পশুঘাত বিধায়ক শ্রুতির অনৈক্য। সর্ব্বভূত হিংসা নিষেধক শ্রুতি প্রাণিহিংসা যে অনর্থ হেতু ইহাই জ্ঞাপন করিতেছে। কিন্তু তাহা যে যজ্ঞোপকারক নহে ইহাত জ্ঞাপন করিতেছেনা? অনর্থহেতুতা ও যজ্ঞোপকারিতা এই উভয়ের মধ্যে বিরোধ। যজ্ঞস্থলে পশুহিংসা যজ্ঞের উপকারও করিবে, আবার হিংসা জন্য প্রত্যবায়ও উৎপাদন করিবে। আবার এই চরু ইত্যাদি দ্বারা যে যাগাদি তাহাতেও চরু ইত্যাদি সম্পাদনের নিমিত্ত বীজ নাশ হওয়ায় তজ্জন্যও প্রত্যবায় জন্মায়। যদিও যাগাদি জন্য শুভাদৃষ্ট হয় তাহা প্রচুর এবং তাহার তুলনায় হিংসা জন্য পাপও স্বল্প প্রায়শ্চিত্তে খণ্ডন হইতে পারে, কিন্তু ঐ প্রায়শ্চিত্ত অনুষ্ঠিত না হইলে তাহাতে নরক উৎপাদন করিবেই, অতএব হিংসা যে অনর্থ হেতু তাহাতে আর সন্দেহ নাই। কোন ক্রিয়ার পশুঘাতই মুখ্য আবার কোথায় অঙ্গস্বরূপ। বিধির অর্থ ইষ্ট সাধনতা। বিধি মাত্র কর্ম্মই ইষ্ট সাধন করিয়া থাকে। কিন্তু কেবল ইষ্টেরই সাধন হয় অন্য কিছুই উৎপাদন করে না, সংসারে এমত প্রথম অবস্থায় সম্ভবে না, বা সংসারে এমন কিছুই নাই। কর্ম্মমাত্রেই কষ্টকর। পূজা পাঠ জপ হোম ব্রত উপবাস কার্য্যেই ক্লেশ আছে। যজ্ঞীয় পশুঘাত যেরূপ পাপজনক, অন্যান্য ক্লেশাদি

সেরূপ কষ্টকর নহে। বস্তুতঃ নরক রূপ বলবৎ অনিষ্টের উৎপাদন না করিয়া স্বর্গাদি ইষ্ট ফল জন্মাইবার কারণ হইলেই সেই কার্য্য এ স্থলের ইষ্ট সাধন বলিয়া স্বীকার করিতে হইবে। ইহাই বিধির ইষ্ট সাধনতার অর্থ।

২—(ক)

যাহাতে মঙ্গল হইবে তাহারই অনুষ্ঠান করা আমাদের কর্ত্তব্য। পাপকারীর প্রতি পাপাচার করিবে না। কেহ অন্যায় করিলে অন্যায় করিয়া তাহার প্রতীকার করিবে না। সর্ব্বদা সাধু থাকিবে। সাধু উপায় অবলম্বন করিয়া অসাধুতার প্রতিবিধান করিবে। ন্যায় পথে থাকিয়া অন্যায় আচরণের প্রতিবিধান করিবে। অসাধুকে সাধুতার দ্বারা জয় করিবে। কেহ অসদ্ব্যবহার করিলেও তাহার প্রতি সদ্ব্যবহার করিবে। যত্ন পূর্ব্বক সাধুসঙ্গ করিবে। সংসারে নানাবিধ অবস্থায় পতিত হইতে হয়। তাহাতে অন্তঃকরণ নানাবিধ আক্রান্ত ও বিচলিত হইতে পারে। ধর্ম্মভাব ম্লান হয়, পবিত্র উৎসাহ নির্ব্বাণ হইতে পারে, সাধু আশা নৈরাশ্যে পরিণত হইতে পারে, মোহ উৎপন্ন হইয়া জীবনকে মলিন করিতে পারে। এরূপ অবস্থায় সাধুগণের সংসর্গ আত্মাকে প্রকৃতিস্থ করিতে পারে। সাধুসঙ্গ প্রভাবে মুমূর্ষু আত্মা জীবন প্রাপ্ত হয়। যেমন সূর্য্যের আলোক রূপহীন বস্তুকে রূপবান করে সেইরূপ সাধুগণের সাধুতা অসাধু জীবনকেও পবিত্র ও পুণ্যশীল করে। সাধুসঙ্গে অসাধু ভাবের দমন ও সাধু ভাবের উদ্দীপন হয়। অসাধু সঙ্গ পরিত্যাগ করা কর্ত্তব্য। যাহার সঙ্গে

অবস্থান করিলে নীচ কামনা ও নীচ ভাব উৎপন্ন হয় তাহা হইতে আপনাকে রক্ষা করা কর্ত্তব্য। অসাধু সঙ্গে পাপের প্রতি ঘৃণা ও ধর্ম্মের প্রতি শ্রদ্ধা মন্দীভূত হয়। বিবাদ যত না ঘটে তাহা করাই কর্ত্তব্য, ক্রোধ সম্বরণ এবং ক্ষমা প্রীতির সহিত সকলের প্রতি সদ্ব্যবহার করিবে। মৈত্রীই যেন অন্যের সহিত ব্যবহারের নিয়ামক হয়। কেহ সামান্য উপকার করিলেও তাহা বিস্মৃত হওয়া কর্ত্তব্য নহে। কৃতজ্ঞতার বিপরীত কৃতঘ্নতা ইহা সর্ব্বদা মনে জাগরূক রাখা উচিত। অহরহঃ আপনাকে শিক্ষা দান ও আপনাকে শাসন করা কর্ত্তব্য। যিনি নিজেকে দমন করিতে না পারেন তাঁহার চতুর্দ্দিকেই যন্ত্রণা। পরশ্রীতে কাতর হওয়া কর্ত্তব্য নহে, পরশ্রীতে কাতরতার তুল্য কুৎসিত ব্যাধি আর কিছুই নাই। অন্যের মঙ্গলের প্রতি যাহার বিদ্বেষ হয় তাহার আর মনের আরাম বা শান্তি থাকে না। এই সংসারে যে যত উন্নত হইয়া শুভ ফল ভোগ করিতে থাকে, সে অজ্ঞাতসারে ঈর্ষাকারীর মনে তত আঘাত দিতে থাকে। সকলের মঙ্গলের মধ্যে আপনার মঙ্গল সন্নিবিষ্ট জানিয়া এরূপ ক্ষুদ্রতা হৃদয়ে স্থান দেওয়া উচিত নহে। যে ব্যক্তি মনের সহিত ক্ষমা প্রার্থনা করে, সহস্র দোষী হইলেও তাহাকে ক্ষমা করিবে। সর্ব্বদা ইন্দ্রিয়গণকে শাসন করিবে, বুদ্ধিকে মার্জ্জিত করিবে এবং জ্ঞান অভ্যাস করিবে। যেমন অন্যের বিদ্বেষে কষ্ট বোধ কর, সেইরূপ অন্যকে বিদ্বেষ করিয়া কষ্ট প্রদান করা কর্ত্তব্য নহে। "যথৈবাত্মা পরস্তদ্বৎ দ্রষ্টব্যঃ শুভ-মিচ্ছতা" সকল বিষয়ে আপনার সহিত তুলনা করিয়া অন্যের সহিত ব্যবহার করিবে। কখন কাহাকেও অপবাদ দেওয়া কর্ত্তব্য নয়। অপরের সদ্‌গুণ দেখিলে আনন্দ ও দোষ দেখিলে দুঃখিত

হওয়া কর্ত্তব্য। পিতা মাতা যেমন পুত্রকে পুত্র বলিয়া প্রীতি করেন এবং এই জন্য তাহার গুণ দেখিলে সুখী ও দোষ দেখিলে হৃদয়ে আঘাত পান, সেইরূপ মনুষ্যকে কেবল মনুষ্য বলিয়া প্রীতি করিতে শিক্ষা করিবে। তাহা হইলে অন্যের অপবাদে হৃদয় আনন্দিত হইবে না। যে ব্যক্তি অন্যের দোষ দেখিয়া ও অন্যের দোষ ঘোষণা করিয়া হৃদয়ে আনন্দ অনুভব করে; তাহার হৃদয় অতি ক্ষুদ্র। বিনয়ী ব্যক্তিই সংসারে উন্নতি লাভ করিয়া থাকে। বিনয়হীন ব্যক্তি সকলেরই বিদ্বিষ্ট হয়। একদিনও অহঙ্কার করিবে না। অনেকে শরীর দুর্ব্বল বা মনের পরিতোষ বা শরীরের উন্নতি হেতুবাদে মদ্য পান করেন, কিন্তু ইহা অতীব গর্হিত। মদ্য মদেয় মপেয় মগ্রাহ্যং। ইহাতে মন বুদ্ধি বিবেক নিস্তেজ ও প্রভাহীন হইয়া পড়ে ও হৃদয়ের পবিত্র ভাব সকল অসাড় হইয়া যায়, অন্তরাত্মার পরিতোষ আত্মপ্রসাদ তাহা ধর্ম্মানুষ্ঠানের অব্যর্থ ফল। আত্মপ্রসাদেই ঈশ্বরের প্রসাদ অনুভূত হয়। আত্মা প্রসন্ন থাকিলে সকল দুঃখ বিনষ্ট হয়। ধর্ম্মের অনুষ্ঠান ব্যতীত আত্মা তুষ্ট হয় না। বিষয় সুখে মন সুখী হইতে পারে। কিন্তু আত্মাতে যদি গ্লানি থাকে তাহা হইলে রাশীকৃত বিষয় সমস্ত ব্যর্থ হইয়া যায়। ধর্ম্মকার্য্যের অনুষ্ঠানের নিমিত্ত সাধ্যানুসারে যত্ন করিবে। সমুদায় শক্তি নিয়োগ করিয়া কৃতকার্য্য হইতে না পারিলেও পুণ্য লাভ হইবে। ভগবানের অশেষ কার্য্যকে কতদূর সম্পন্ন করিলে তিনি তাহা গণনা করেন না, তিনি যাহাকে যে শক্তি দিয়াছেন, তাহা অকপটে সে নিয়োগ করুক ইহাই তাঁহার অভিপ্রায়।

সারথি যেমন অশ্ব সংযম করে তদ্রূপ বিষয়ে প্রবৃত্ত ইন্দ্রিয় সকলকে সংযম করিবে। যে সকল বিষয় ইন্দ্রিয়গোচরে উপস্থিত

হইলে অন্তঃকরণে অসৎ ভাবের উদয় হয়, কদাচ তাদৃশ অপবিত্র বিষয়ে যাইবে না। পবিত্র বিষয় উপভোগের দ্বারা ইন্দ্রিয়গণকে পরিতৃপ্ত করিয়া অহরহঃ জীবনের উদ্দেশ্য সাধনে প্রবৃত্ত থাকিবে। যখন যে প্রবৃত্তি উঠে তাহাতেই ইন্দ্রিয়দিগকে বিচরণ করিতে দিবে না। মন যদি স্বেচ্ছাচারী ইন্দ্রিয় সকলের অনুগামী হয়, তবে বায়ু যেমন নৌকাকে জলেতে মগ্ন করে মনও তদ্রূপ পুরুষের বুদ্ধিকে নষ্ট করে। যখন প্রলোভন সঙ্কুল সংসারে অবস্থান করিয়া ধর্ম্ম যাপন করিতে হইবে, তখন মনকে দমন করিতে না পারিলে পদে পদেহ বিপদ ঘটিয়া উঠে। পাপ চিন্তা, পাপালাপ, পাপ অনুষ্ঠান কদাচ করিবে না। যাঁহারা মন, বাক্য, কর্ম্ম ও বুদ্ধি দ্বারা পাপাচরণ না করেন, তাঁহারাই মহাত্মা। ধর্ম্মপথে থাকিয়া নিতান্ত অবসন্ন হইলেও অধর্ম্মে মনোনিবেশ করিবে না। প্রাণপণে ধর্ম্মকে রক্ষা কর, ধর্ম্মও তোমাদিগকে রক্ষা করিবেন। পিতা মাতা স্ত্রী পুত্র জ্ঞাতি বন্ধু কেহই পরলোকে থাকে না, কেবল ধর্ম্মই থাকেন; একাকী মনুষ্য জন্ম গ্রহণ করে, একাকী মৃত হয়, একাকী স্বীয় পুণ্যফল ভোগ করে এবং একাকীই স্বীয় দুষ্কৃত ফল ভোগ করে। অতএব আপনার সাহায্যার্থে ধর্ম্ম সঞ্চয় করিবে। ধর্ম্ম ইহকালের বন্ধু, ধর্ম্মই পরকালের নেতা। ধর্ম্মঃ সর্ব্বেষাং ভূতানাং মধু। না ধনের দ্বারা না পুত্রের দ্বারা না কর্ম্মের দ্বারা মুক্তি লাভ হয়। অরণ্যবাসী সন্ন্যাসী হইয়া সংসার ত্যাগকরা হয় না, কিন্তু গৃহে থাকিয়া সংসারী হইয়াও হৃদয়ের কামনা ত্যাগ করিতে হইবে। "ন ধনেন ন প্রজয়া ন কর্ম্মণা ত্যাগেনৈ-কেনামৃতত্ব মানশুঃ। যখন হৃদয়ের কামনা সকল নিরস্ত হয়, তখন এ বিশ্ব অমৃত হয়। এবং এই স্থানেই ইষ্টমূর্ত্তিকে উপভোগ করিতে পারা যায়।

"যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যে হস্য হৃদি শ্রিতাঃ।
অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে॥"

স্ত্রী পুত্র অ য়দিগকে সর্ব্ব প্রযত্নে পোষণ করিবে এবং নিজে নিষ্কাম হইয়া ভোগের আসক্তি ত্যাগ করিবে। ইহার পূর্ণ আদর্শ স্বয়ং ঈশ্বর। তিনি কেমন সংসারী একটী কীটপতঙ্গেরও আহার দিতে তিনি ভুলেন না। কঠোর প্রস্তর মধ্যে তিনি জীব জন্তুকে অন্ন যোগাইতেছেন। কিন্তু তিনি আপনার জন্য কিছুই রাখেন না। কেবল সকলকে দিতেই থাকেন। যাহা তাঁহার আদেশ তাহা প্রাণপণে পালন করিবে। যাহা তাঁহার ইচ্ছার বিরুদ্ধ তাহা বিষবৎ ত্যাগ করিবে। এই প্রকার আপনাকে ভুলিয়া এইরূপে তাঁহার কার্য্য করিতে থাকিলে নিশ্চয় তিনি আমাদিগকে ভুলিবেন না। তোমার যে সকল অভাব তাহা তিনি পূর্ণ করিবেন। তিনি তোমাকে যাহা দেন তাহাই যথেষ্ট বলিয়া কৃতজ্ঞ হইয়া গ্রহণ করিবে। তিনি যে অবস্থায় রাখেন সেই অবস্থাতেই সন্তুষ্ট থাকিবে। সম্পৎকালে তাঁহারই অনুগত হইয়া চলিবে। বিপৎকালে তাঁহারই শরণাপন্ন হইয়া বিচলিত হইবে না। কর্ম্মের সময় তাঁহাতে থাকিয়া কর্ম্ম করিবে; বিশ্রামের সময় তাঁহাতেই থাকিয়া বিশ্রাম করিবে। পশুরাজ্যে স্বাধীনতা নাই। ঈশ্বর আত্মাকে স্বাধীনতা অলঙ্কার দিয়াছেন। এই স্বাধীনতা থাকাতেই আমাদের ধর্ম্ম কার্য্যে অধিকার হইয়াছে। আমাদের কেবল কর্ম্মতে অধিকার হইয়াছে, কদাপি তাহার ফলেতে নহে। ফল ফলদাতার হস্তে। "কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন"॥ সর্ব্ব প্রযত্নে কর্ম্ম করিবে। কিন্তু তাহার ফলের জন্য ব্যাকুল হইবে না, এই ভাবে কার্য্যাদির দ্বারা যখন

আমরা আপন মনে ক্ষুদ্রতা অপসারিত করিতে পারিব, তখনই সেই প্রেম উপলব্ধি করিয়া তাহাতে মগ্ন হইব।

বিজ্ঞান সারথির্যস্তু মনঃপ্রগ্রহবান্নরঃ।
সোঽধ্বনঃ পারমাপ্নোতি তদ্বিষ্ণোঃ পরমং পদং॥
"তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব
চক্ষুরাততং॥

সেই আত্মাই কৃতাত্মা, সেই আত্মাই ভাগ্যবান্, যে রাহু-মুক্ত চন্দ্রের ন্যায় নিষ্পাপ ও পবিত্র হইয়া শরীরে অভিমান পরিত্যাগ করিয়া পরমাত্মাতে অবস্থান করে, সে ইহ সংসারেই ব্রহ্মলোক অনুভব করে।

"স সেতুর্বিধৃতি রেষাং লোকানামসম্ভেদায়।
নৈনং সেতু মহোরাত্রেতরঃ ন জরা ন
মৃত্যুর্ন শোকো ন সুকৃতং ন দুষ্কৃতং।
সর্ব্বে পাপ্মানোঽতো নিবর্ত্তন্তে অপহত-
পাপ্মা হ্যেষ ব্রহ্মলোকঃ। তস্মাদ্বা এতং সেতুং
তীর্ত্বা অন্ধঃ সন্ননন্ধো ভবতি বিদ্ধঃ সন্নবিদ্ধো
ভবতি উপতাপী সন্ননুপতাপী ভবতি। তস্মাদ্বা
এতং সেতুং তীর্ত্বাপি নক্তমহরেবাভিনিষ্পদ্যতে।
সকৃদ্বিভাতো হ্যেবৈষ ব্রহ্মলোকঃ।

(কঠোপনিষদ)

দেহ রক্ষা, দার প্রতিগ্রহ, স্ত্রী পুত্রাদি পালন, সামাজিক ক্রিয়া কলাপ প্রভৃতি সমস্ত নিত্য নৈমিত্তিক কর্ম্ম এই মত ধর্ম্মকার্য্য

মনে করিয়া ভগবানের উদ্দেশে নির্ব্বাহ করিতে পারিলেই তাহাতে কোন পাপস্পর্শ না হইবার সম্ভাবনা।

যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ।
যৎ তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণম্॥

আহার অতি সামান্য কার্য্য। কিন্তু সেই আহার পরিমিত ও সাত্ত্বিক হইলে দেহের সুস্থতা, মনের শান্তি, সৎকর্ম্মে প্রবৃত্তি ও অসৎ কর্ম্মে নিবৃত্তি এবং তাহার ফলে ইহলোকে প্রকৃত সুখ ও পরলোকের নিমিত্ত চিত্তশুদ্ধি, আবার অপরিমিত ও রাজসিক ভাবে আহার করিলে দেহের অসুস্থতা, মনের উগ্রতা, সৎকর্ম্মে বিরাগ ও অসৎ কর্ম্মে প্রবৃত্তি এবং তাহার ফলে ইহলোকে দুঃখ ও পরলোকের নিমিত্ত চিত্তবিকার এই সমস্ত অশুভ ঘটে। অতএব আহারও ধর্ম্ম কার্য্য মনে করিয়া ভগবানকে স্মরণ করিয়া পবিত্র ভাবে তাহাতে প্রবৃত্ত হওয়া কর্ত্তব্য। ঈশ্বরে ভক্তি মানবের পক্ষে শুভকর ও কর্ত্তব্য। ঈশ্বরের প্রতি ভক্তি থাকিলে জগতের অনন্ত শক্তি নিরন্তর আমাদের সহায় ও কার্য্য পরিদর্শক রহিয়াছেন। এই বিশ্বাস আমাদিগকে অনেক পাপ হইতে দূরে রাখিয়া থাকে। তিনি মহান্ পবিত্র ও পূর্ণ এই পর্য্যন্ত আমাদের বোধগম্য তদ্ভিন্ন তাঁহাকে ভক্তি করিলে তিনি প্রীত হইয়া আমাদের মঙ্গল করেন কিনা এই প্রশ্ন দ্বারা মন কলুষিত করা কর্ত্তব্য নহে। আমরা যাহা চাহি তাহাই যে পাইব তাহার স্থিরতা নাই, তবে একথা নিশ্চিত আমরা কোন অন্যায় প্রার্থনা করিলে তাহা পূরণ হইবে না। আমাদের যাহাতে মঙ্গল হইবে তাহাই যেন পাই, তাহাই যেন হয়, এই পর্য্যন্ত প্রার্থনাই কর্ত্তব্য। একাগ্রতার সহিত এই

প্রার্থনা করিলে আমাদের একাগ্রতা সেই ফল আনিয়া দিবে। উপাসনা কালে নিজের ইচ্ছামত প্রার্থনা না করিয়া ঈশ্বরের উপর নির্ভর রাখার উদাহরণ আমার সন্ধ্যাবন্দনায় "যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতী রিব মাতরঃ॥" মাতা যেমন সন্তানের যাহাতে ভাল হইবে সন্তান তাহা জানুক আর নাই জানুক তাহাই দিবেন; তদ্রূপ ঈশ্বরও উপাসকের যাহাতে ভাল হয়, সে তাহা জানুক আর নাই জানুক তাহাই দেন। যে জাতির যেরূপ প্রাচীন পদ্ধতি আছে যথাযোগ্য ভক্তি ভাবে তদনুসারে হওয়া উচিত। নিরাকার ঈশ্বরে মনোনিবেশ করা কঠিন; এবং তিনি যখন সর্ব্বব্যাপী তখন তিনি মূর্ত্তি বিশেষেও আছেন, আর সেই দেব দেবীতে অনন্ত শক্তির পূজা করা হয়। মূর্ত্তি পূজা যে প্রকৃত ঈশ্বরারাধনা তাহা পূজা প্রণালীতেই প্রচুর প্রমাণ। আমরা যে মূর্ত্তির পূজা করি তখন সেই মূর্ত্তিই অনাদি অনন্ত বিশ্বব্যাপি ঈশ্বরের মূর্ত্তি মনে করিয়া থাকি। নিত্য পাঠ্য মহিম্নস্তবে ত্রয়ী সাংখ্যং যোগঃ পশুপতি মতং বৈষ্ণব মিতি প্রভিন্নে প্রস্থানে পর-মিদ মদঃ পথ্য মিতিচ। রুচীনাং বৈচিত্র্যা দৃজুকুটিল নানা পথ-জুষাং নৃণামেকো গম্যস্ত্বমসি পয়সা মর্ণব ইব॥

ত্বং ভূমিস্ত্বং জলৌঘ স্ত্ব মসি হুতবহস্ত্বং
জগদ্বায়ুরূপা তৃষ্ণাকাশো মনশ্চ
প্রকৃতি রপি মহৎ পূর্ব্বিকহঙ্কৃতিশ্চ।
আত্মা এবাসি মাতঃ পরমসি ভবতী
তৎ পরং নৈব কিঞ্চিৎ, ক্ষন্তব্যো মে
হপরাধ প্রকটিত বদনে কামরূপে করালে

যেঽপ্যন্যদেবতা ভক্তা যজন্তি শ্রদ্ধয়ান্বিতা
তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্ ॥

—০—

২— খ

আমাদের হিন্দুধর্ম্ম আধ্যাত্মিক ধর্ম্ম। তাহার বীজ এই যে, আত্মার দ্বারা পরমাত্মাকে জানিবে। আত্মাতে ঈশ্বরকে দেখিলে সর্ব্বত্রই তাঁহাকে দেখা যায়। যিনি সকল বৈচিত্রের মূল, সকল সংসারের একাধিপতি, তাঁহার আবাস স্থল আমাদের আত্মা। আত্মাকে যদি না জান তবে সকলি শূন্য। এই কারণে সকলেই আত্ম জ্ঞানে তৎপর হও। এই শরীরের মধ্যে যে শরীরী আত্মা তাহার অভ্যন্তরে বিশুদ্ধ জ্ঞানালোকে অশরীর পরমাত্মাকে দেখিবে। শান্ত দান্ত উপরত তিতিক্ষু সমাহিত হইয়া স্বীয় আত্মাতে পরমাত্মাকে দেখিবে। এই অধ্যাত্ম যোগ। ভক্তির সহিত এই যোগযুক্ত হইলে সকল পাপ হইতে নিষ্কৃতি পাওয়া যায়, মৃত্যুর পর শরীর পড়িয়া থাকিবে; কিন্তু এই যোগ যুক্ত হইয়া আত্মা পরমাত্মার সহিত অনন্তকাল বিচরণ করিয়া থাকে। শরীর ধারণ ও সুস্থতার জন্য যেমন প্রত্যহ আহারাদি নিয়মিত আবশ্যক, তদ্রূপ আত্মার সুস্থতার জন্য প্রতিদিন ঈশ্বরের উপাসনা করিবে। ঈশ্বরের উপাসনা আত্মার অন্ন। দেশ কাল ব্যাপী সর্ব্বসাক্ষী সত্য অনন্ত পরম ব্রহ্ম ভগবানকে স্বীয় ইষ্টদেবী জানিয়া প্রেমভাবে নিত্য আরাধনা করিবে।

"তস্মিন্ প্রীতিস্তস্য প্রিয়কার্য্য সাধনঞ্চ তদুপাসনমেব।"

কুলপাবন যেমন সর্ব্বদা সর্ব্ব প্রযত্নে নিজ সুখ ভোগের কামনা

খর্ব্ব করিয়া পিতা মাতার সেবা করে এবং তাহাদিগকে প্রিয় কার্য্যের দ্বারা সন্তুষ্ট রাখিবার চেষ্টা করে, তদ্রূপ ভগবানের সেবা করা কর্ত্তব্য। তাঁহাকে পিতা মাতা ভ্রাতা ইত্যাদি সকল ভাবিয়া এককালীন তাঁহার উপর সম্পূর্ণ নির্ভর করিবে। অভদ্র দর্শনে শ্রবণে মন অভদ্র হইতে পারে, এমতে যে সকল আমোদ প্রমোদে ধর্ম্মভাব মলিন হয়, যেখানে বিচলিত করে, তথায় অবস্থান কর্ত্তব্য নহে। পাপসংসর্গে পাপের প্রতি আসক্তি জন্মে। সৎসঙ্গ সৎ আলোচনা সৎগ্রন্থ পাঠ মানসিক উন্নতির প্রধান উপায়। উত্তম মানব জন্ম লাভ করিয়া যদি আত্ম উন্নতিতে সমাহিত না হইয়া মানব জীবন যাপন করে, তাহা হইলে তাহাকে আত্মঘাতী বলিতে পারা যায়। আমাদের সাধারণ নিয়ম যে যতই বিষয় ভোগ করিবে, বিষয় তৃষা ততই বৃদ্ধি পাইবে। অতএব সন্তোষ অবলম্বন করিবে, এবং প্রকৃত তৃপ্তিস্থান সংসারের অতীত জানিয়া সংসারে আসক্তি ত্যাগ করিবে। সুখই হউক আর দুঃখই হউক, প্রিয় ঘটনাই হউক আর অপ্রিয় ঘটনাই হউক, সর্ব্বদাই এই লক্ষ্য রাখিবে; যেন তাহাতে হৃদয় অভিভূত না হয়। ঈশ্বরের উপর একান্ত নির্ভর করিয়া সুখ দুঃখ ও সম্পদ বিপদকে পরাজয় করিবে। প্রিয় ঘটনায় আহ্লাদে মত্ত হইবে না। মনের মধ্যে সন্তাপ উপস্থিত হইতে দিবে না। সন্তাপের কারণ উপস্থিত হইলে ধৈর্য্য ও বিবেচনা পূর্ব্বক আপনাকে রক্ষা করিবে। আত্ম-প্রশংসা ও পরনিন্দা পরিত্যাগ করিবে। সর্ব্বদা সত্যব্রত থাকিবে। যাহাতে সত্যের অপলাপ হয় না অথচ লোকের প্রীতি ও কল্যাণ উৎপন্ন হয় তাদৃশ বাক্য কহিবে। যাহা সত্য কিন্তু তাহা কহিলে কাহারো হৃদয়ে আঘাত দেওয়া হয় তাহা সংযত

করিয়া রাখিবে। ধর্ম্মের অনুরোধে আবশ্যক না হইলে কহিবে না। প্রিয় অথচ মিথ্যা একবারে ত্যাগ করিবে। বাক্যে সত্যবাদী ও ব্যবহারে সত্যপরায়ণ হইবে। ইহলোকে মিথ্যার পর তীব্র পদার্থও নাই। যোগী যাজ্ঞবল্ক্য আমাদের জীবন ধারণের কতক গুলি উপায় নির্দ্দেশ করিয়াছেন ;

"যমশ্চ নিয়মশ্চৈব আসনঞ্চ তথৈবচ।
প্রাণায়াম স্তথা গার্গি প্রত্যাহারশ্চ ধারণা।
ধ্যানং সমাধি রেতানি যোগাঙ্গানি বরাননে॥"
(যাজ্ঞবল্ক্য সং)

হে গার্গি যম, নিয়ম, আসন, প্রণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি ঐ অষ্টাঙ্গ যোগ। পুনরায় পাতঞ্জল দর্শনে যম, নিয়ম, আসন, প্রণায়াম, প্রত্যাহার এই পাঁচটী বহিরঙ্গ এবং ধ্যান ধারণা সমাধি অন্তরঙ্গ সাধন।

এক্ষণে দেখা যাউক যম কাহাকে বলে—

অহিংসা সত্যমস্তেয়ং ব্রহ্মচর্য্যং দয়ার্জ্জবং
ক্ষমা ধৃতি র্ম্মিতাহারঃ শৌচস্তেতে যমা দশ॥

এই দশটী যম।

১। অহিংসা— কর্ম্মণা মনসা বাচা সর্ব্বভূতেষু সর্ব্বদা। অক্লেশজননং প্রোক্তং হিংসাত্বেন যোগিভিঃ। বিধ্যুক্তং চেদহিংসা স্যাৎ ক্লেশজন্মৈব জন্তুষু॥ চোদিতশ্চেদ্ হিংসা স্যাদভিচারাদি কর্ম্ম যৎ॥ স্বীয় কর্ম্ম বাক্য ও মনের দ্বারা কাহাকেও কষ্ট দিবে না।

২। সত্য—সত্যং ভূতহিতং প্রোক্তং ন যথার্থাভিভাষণম্॥

৩। অস্তেয়—কর্ম্মণা মনসা বাচা পরদ্রব্যেষু নিস্পৃহঃ। কর্ম্ম

মন ও বাক্যের দ্বারা পরদ্রব্য গ্রহণে যে স্পৃহারাহিত্য তাহারই নাম অস্তেয়।

৪। ব্রহ্মচর্য্য—কর্ম্মণা মনসা বাচা সর্ব্বাবস্থাসু সর্ব্বদা। সর্ব্বত্র মৈথুন ত্যাগো ব্রহ্মচর্য্যং প্রচক্ষতে। কর্ম্ম মন এবং বাক্যের দ্বারা সকল অবস্থাতে সর্ব্বদা মৈথুনেচ্ছা ত্যাগ করাকেই ব্রহ্মচর্য্য বলা যায়। এক্ষণে মৈথুন শব্দের অর্থ কি—স্মরণং কীর্ত্তনং কেলি প্রেক্ষণং গুহ্য ভাষণম্ সঙ্কল্পোঽধ্যবসায়শ্চ ক্রিয়ানির্ব্বৃত্তি রেবচ এতন্মৈথুন মষ্টাঙ্গং প্রবদন্তি মনীষিণঃ!

পূর্ব্বদৃষ্ট রমণীগণকে স্মরণ, তাহাদের গুণকীর্ত্তন, স্ত্রীলোকের সহিত ক্রীড়া, কুৎসিত ভাবে তাহাদিগকে দর্শন, গোপনে তাহাদের সহিত সম্ভাষণ, সম্ভোগেচ্ছা, তদ্বিষয়ে প্রগাঢ় যত্ন এবং ক্রিয়া দ্বারা নিবৃত্ত লাভ ইহাই মৈথুন শব্দের অর্থ। এই সমুদায় হইতে নিবৃত্তি থাকাকে ব্রহ্মচর্য্য বলে। মুমুক্ষু ব্যক্তি এই সমুদায় ত্যাগ করিয়া ব্রহ্মচর্য্য অবলম্বন করিবে।

৫। দয়া—দয়া ভূতেষু সর্ব্বেষু সর্ব্বত্রানুগ্রহস্পৃহা। কায় মন বাক্য দ্বারা সকলের প্রতি অনুগ্রহ করাকে দয়া বলে। অনুগ্রহ করিবার বাসনা সর্ব্বদা বলবতী থাকা আবশ্যক।

৬। আর্জ্জব—প্রবৃত্তৌ বা নিবৃত্তৌ বা একরূপত্বমার্জ্জবম্। প্রবৃত্তি ও নিবৃত্তি বিষয়ে সমতা ভাবকে আর্জ্জব বলা যায়।

৭। ক্ষমা—প্রিয়াপ্রিয়েষু সর্ব্বেষু সমত্বং যচ্ছরীরিণাম্। প্রিয় ও অপ্রিয় সকল কার্য্যেই জীবগণের প্রতি যে সমতাভাব তাহাকেই ক্ষমা বলে।

৮। ধৃতি—অর্থহানৌ চ বন্ধুনাং বিয়োগে চাপি সম্পদঃ। ভূযঃ প্রাপ্তৌ চ সর্ব্বত্র চিত্তস্য স্থাপনং ধৃতিঃ।

অর্থহানি ও সম্পদ প্রাপ্তি এবং বন্ধুগণের বিয়োগ জনিত সুখ দুঃখাদিতে চিত্তের স্থৈর্য্য অবলম্বনকে ধৃতি বলা যায়।

৯। মিতাহার—অষ্টৌ গ্রাসা মুনের্ভক্ষ্যাঃ ষোড়শারণ্যবাসিণাম। দ্বাত্রিংশদ্ধি গৃহস্থস্য যথেষ্টং ব্রহ্মচারিণাম্। তেষাময়ং মিতাহার স্বন্যেষামল্পভোজনম্। এক্ষণে উপযুক্ত পরিমাণ ভোজনকে মিতাহার বলা যায়।

১০। শৌচ—শৌচন্তু দ্বিবিধং প্রোক্তং বাহ্যাভ্যন্তর মেবচ। মৃজ্জলাভ্যাং স্মৃতং বাহ্যং ভাবশুদ্ধিস্তথান্তরম্। শৌচ বাহ্য ও অভ্যন্তর। মৃত্তিকা ও জল দ্বারা যে শৌচ তাহা বাহ্য আর চিত্ত-শুদ্ধিরূপ যে শৌচ তাহা অভ্যন্তর শৌচ।

নিয়ম—তপঃ সন্তোষ আস্তিক্যং দানং ঈশ্বর পূজনম্। সিদ্ধান্ত শ্রবণঞ্চৈব হ্রী মতিশ্চ জপো ব্রতম্। নিয়ম শব্দের অর্থ পূর্ব্বোক্ত দশটী।

১। তপঃ—বিধিনোক্তেন মার্গেণ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিভিঃ। শরীরশোষণং প্রাহু স্তপসাং তপ উত্তমম্।

২। সন্তোষ—যদৃচ্ছালাভতো নিত্যং মনঃ পুংসো ভবেদিতি। যা ধীস্তা মৃষয়ঃ প্রাহুঃ সন্তোষং সুখলক্ষণম। প্রতিদিন যাহা কিছু হয় বা ঘটে সকল বিষয়ে সন্তুষ্ট থাকাকে সন্তোষ বলা যায়।

এ সংসারে সন্তোষই একমাত্র শান্তি। পাতঞ্জল দর্শনে আছে, সন্তোষাদনুত্তম সুখলাভঃ।

৩। আস্তিক্য।—ধর্ম্মাধর্ম্মেষু বিশ্বাসো যত্তদাস্তিক্যমুচ্যতে। ধর্ম্ম এবং ধর্ম্মের উপর যে বিশ্বাস তাহাই আস্তিক্য।

৪। দান—ন্যায়ার্জ্জিতং ধনমন্ন ংস্তদ্বা যৎ প্রদীয়তে। আর্থিভ্যঃ শ্রদ্ধয়া যুক্তং দান মেত দুদাহৃতম্॥

অল্পই হউক আর অনল্পই হউক শ্রদ্ধা পূর্ব্বক সৎপাত্রে দান করিবে। দাতার শ্রদ্ধাপাত্রের উপযুক্ততা অনুসারে দানে উৎকর্যতার তারতম্য হয়। যাহাকে দান করিলে অসৎকর্ম্মে উৎসাহ দেওয়া হয় তাদৃশ অসৎ পাত্রে দান ধর্ম্মের অনুমোদিত নহে। যে ব্যক্তি বাস্তবিক অভাবে নিপীড়িত হইতেছে, দাতাগণের অনুগ্রহই যাহার একমাত্র ভরসা, সেই ব্যক্তিই দানের উপযুক্ত পাত্র। তাদৃশ সৎপাত্রে শ্রদ্ধা সহকারে যথাসাধ্য দান করিতে হয় দানের জন্য অন্যায় পূর্ব্বক ধনোপার্জ্জন করিবেনা। তাদৃশ দানে পুণ্য লাভ হয় না, প্রত্যুতঃ মহৎ পাপে পতিত হইতে হয়। অতএব যদি ধন দানে সামর্থ্য না থাকে তবে আর আর উপায়ে দুঃখীদিগের দুঃখ মোচন করিবে। কদাপি অন্যায় করিয়া ধন আহরণ করিবে না। এমন কি আপনার জীবিকা ও অবশ্য পোষ্য পরিবারগণের প্রতিপালনের জন্যও অন্যায় পূর্ব্বক ধনোপার্জ্জন করিবে না।

৫। ঈশ্বর পূজা—যৎ প্রসন্নস্বভাবেন বিষ্ণুং বা রুদ্র মেবচ। যথাশক্ত্যার্চ্চনং ভক্ত্যা এতদীশ্বরপূজনম্। নিজের শক্তি অনুসারে প্রগাঢ় ভক্তি সহকারে নিজ ইষ্ট দেবতার অর্চ্চনা করিবে। কদাচ শ্রদ্ধাহীন হইয়া কোন কার্য্য করিবে না।

৬। সিদ্ধান্ত শ্রবণ—সিদ্ধান্ত শ্রবণং প্রোক্তং বেদান্ত শ্রবণং বুধৈঃ।

ভগবান শঙ্করাচার্য্য বলিয়াছেন, বেদান্তবাক্যে সদা রমন্তং কৌপিনবন্তং খলু ভাগ্যবন্তং॥

৭। হ্রী—বেদ লৌকিক মার্গেষু কুৎসিতং কর্ম্ম যদ্ভবেৎ। তস্মিন্ ভবতি যা লজ্জা হ্রীস্তু সৈবেতি কীর্ত্তিতা।

বৈদিক এবং লৌকিক পন্থায় যে সকল কুৎসিত কর্ম্মের অনুষ্ঠানে লজ্জা বোধ হয় তাহাই হ্রী বলিয়া কথিত। অন্যের মুখ হইতেও একটী অশ্লীল বাক্য শুনিলে যাহার লজ্জা বোধ হয়, সেই হ্রীমান। হ্রীমান ব্যক্তি পাপকে অতিমাত্র ঘৃণা করেন। এবং তাহার সম্পর্ক হইতে দূরে থাকিতে স্বভাবতই ইচ্ছা করেন। যাহার হ্রী নষ্ট হয় কল্যাণকর ধর্ম্ম পথে তাহার বাধা জন্মে এবং অধর্ম্মে পতিত হইয়া শ্রীহীন ও মলিন হয়। অতএব কথাতে ভাবেতে, বেশ বিন্যাসে যত্ন পূর্ব্বক হ্রীকে রক্ষা করিবে।

৮। মতি—বিহিতেষু চ সর্ব্বেষু শ্রদ্ধা যা সা মতির্ভবেৎ। বেদ বিহিত কর্ম্ম সমূহের উপর যে শ্রদ্ধা তাহাই মতি।

৯। জপ—গুরুণা চোপদিষ্টোঽপি বেদ বাহ্য বিবর্জ্জিতঃ। বিধিনোক্তেন মার্গেণ মন্ত্রাভ্যাসো জপঃ স্মৃতঃ। বেদ বিধি ও মন্ত্র শাস্ত্রের অনুসারে গুরূপদিষ্ট মন্ত্রের সাধন করাকে জপ বলা যায়।

১০। ব্রত—ধর্ম্মার্থ কাম সিদ্ধার্থ মুপায়গ্রহণং ব্রতম্। ধর্ম্ম অর্থ ও কামনা সিদ্ধির নিমিত্ত যে সকল ক্রিয়ার অনুষ্ঠান করা হয় তাহাই ব্রত।

আসন—স্থির সুখমাসনং। যে ভাবে বসিলে দেহের কোন কোন অঙ্গ প্রত্যঙ্গ বা মনের কোনরূপ চাঞ্চল্যাদি না হয় অথচ চিন্তনীয় চিন্তা করায় বিশেষ আনুকূল্য হয় এবং অতীব সুখাবহ ভাব মনে হয়, তাহারই নাম আসন। ইহা বিভিন্ন প্রকার, সাধারণতঃ ৫ পাঁচটী। আসন ইত্যাদি অন্যান্য গুরুতর বিষয় সকলে গুরুর নিকট উপদেশ লইবেন।

——০——

(৩)

কর্ম্ম আবশ্যক কি না? কর্ম্ম হইতে মুক্তি লাভ সম্ভবে কি না? এক্ষণে মুক্তি শব্দের অর্থ কি? মুক্তি অর্থে যদি বন্ধনচ্ছেদ ধরা হয়, তাহা হইলে বন্ধনচ্ছেদ শব্দের অর্থ কি? সংসার বন্ধন অর্থে নশ্বর পদার্থ, তাহা হইলে মুক্তি কি অক্ষয় স্বর্গ। বেদাদিতে দৃষ্ট হয় যে ইহকালের সুখ যেমন নশ্বর পরকালের সুখও সেইরূপ নশ্বর। অবিনশ্বর স্বর্গসুখ সম্ভবে না। যে জিনিষের উৎপত্তি আছে তাহারই বিনাশ আছে। কর্ম্মফলে যাহা লাভ করা যায় তাহার বিনাশও অবশ্যম্ভাবী। তাহা হইলে অক্ষয় স্বর্গ শব্দের অর্থ করা যাইতে পারে যে সুদীর্ঘ কাল ভোগ। ভগবদ্‌গীতাতেও স্পষ্ট আছে নিষ্ঠাবান কর্ম্মফলে স্বর্গ লাভ করেন, পুণ্যক্ষয়ে পুনরায় পৃথিবীতে জন্ম গ্রহণ করেন। তাহা হইলে অক্ষয় স্বর্গ মুক্তি হইতে পারে না। চিরকালের জন্য দুঃখনিবৃত্তি বা ব্রহ্মভাব মুক্তি অনেকে বলেন, তাঁহাদের মত কর্ম্ম ও জ্ঞান একত্র মুক্তিদান করে। কিন্তু কর্ম্ম ও জ্ঞান, একত্র দেহে অবস্থান সম্ভবে না। একমেবাদ্বিতীয়ং জ্ঞান হইলে তাঁহার দ্বারা কর্ম্ম কি সম্ভবে। সেইরূপ জ্ঞান জন্মিলে তিনি পূর্ণ। রোগার্ত্ত শত পুত্রের আর্ত্তনাদেও তিনি অচল অটল; জীবন মরণ সকল তাঁহার সমবস্থা, এমত ব্যক্তি কেমন করিয়া কর্ম্ম করিবেন।

কর্ত্তা, করণ, ক্রিয়া এই বিভিন্ন ভাবের সমাবেশে কর্ম্মের সৃষ্টি। যাঁহার বিষ্ঠা চন্দনে সমান জ্ঞান তাঁহার কর্ম্ম অসম্ভব। আমাদের শাস্ত্রকারেরা কর্ম্মের গুণ দোষ দুই বলিয়াছেন। আমাদের শাস্ত্র সকলেরই হিতকারী। যেমন রোগীর অবস্থা ভেদে ব্যবস্থা,

শাস্ত্রও তদ্রূপ। বৈধ কর্ম্মফলে স্বর্গ ভোগ করিতে পাইলে তখন সত্ত্ব গুণের বৃদ্ধি হয়। সেই সত্ত্ব গুণ বা দেবভাব যদি হৃদয়ে প্রবল বা বদ্ধমূল হয় তখন সত্ত্ব গুণের স্বাভাবিক কার্য্য হইতে থাকে। কিন্তু উৎকট কামনা থাকিলে রজোগুণের আধিক্য প্রযুক্ত প্রবল সংস্কার রূপে বদ্ধমূল হইতে পারে না। রজোগুণই প্রবল থাকে, তাহার ফলে সংসারাবর্ত্তে ভ্রমণ করিতে হয়। তবে কুকর্ম্মের ফলে যেমন ভ্রমণ দীর্ঘকালব্যাপি, বৈধ কর্ম্মের ফল সেরূপ নহে, কেননা দেবভাব প্রবল থাকিলে ক্রমশঃই উন্নতির দিকে অগ্রসর হয়। বৈধ কর্ম্মের দ্বারা ক্রমশঃ চিত্তশুদ্ধি হয়, এবং এই চিত্তশুদ্ধি হইতে আত্মতত্ত্ব লাভ হয়। আত্মতত্ত্ব লাভ হইলেই তত্ত্বজ্ঞান। এই তত্ত্বজ্ঞান লাভ কি মুক্তি নহে।

---

(৪)

ভগবানের অনন্ত করুণায়, অনন্ত বিভূতিতে বিশ্বাসই হিন্দু ধর্ম্মের প্রধান বিশেষত্ব। অবতার বিশেষ বা মহাপুরুষ বিশেষের প্রতি বিশ্বাস স্থাপন করিলেই মুক্তি হইবে, তদ্ভিন্ন কিছুতেই মানুষের মোক্ষলাভ সম্ভবে না এ কথা বিশ্বাস্য নহে। বিভিন্ন শাস্ত্র ঈশ্বরকে এক ও অদ্বিতীয় বলিয়া স্বীকার করিলেও তাঁহার করুণাকে বিভূতিকে কোন প্রকার সীমাবদ্ধ করিয়া তাঁহারা সংকীর্ণতার পরিচয় দেন নাই। সকল মহাত্মাই স্বীকার করেন, ঈশ্বর এক কিন্তু তাঁহার বিভূতি অনন্ত। সৃষ্টিকালের প্রারম্ভ হইতে এযাবৎ মোহপ্রাপ্ত মানবকে সুপথ প্রদর্শনের জন্য ঐশ্বরিক বিভূতি সম্পন্ন অসংখ্য মহাত্মা নানারূপে অবতীর্ণ হইয়াছেন।

অবতারা হ্যসংখ্যেয়াঃ হরেঃ সত্ত্বনিধের্দ্বিজ।

সত্ত্ব গুণের আধার ভগবানের অবতার অসংখ্য। শুদ্ধ তাহাই নহে যত্র জীব তত্র শিব। একমেবাদ্বিতীয়ম্ (সেই এক সৎবস্তু ব্রহ্ম ব্যতীত আর দ্বিতীয় কোনও পদার্থের অস্তিত্বই জগতে নাই।)

সর্ব্বং বিষ্ণুময়ং জগৎ প্রভৃতি তথ্যবর্ম্মতে হিন্দুর নিকট সুপরিচিত। ইন্দ্র মিত্রং বরুণ মগ্নি মাহুরথো দিব্য সুপর্ণো গরুত্মান্।

একং সদ্‌বিপ্রা বহুধা কল্পয়ন্ত্যগ্নিসমং মাতরিশ্বান মাহুঃ॥

(ঋক ১ম মণ্ডল)

সেই সদ্‌বস্তুই লোকে ইন্দ্র মিত্র বরুণ বায়ু যম অগ্নি প্রভৃতি বিবিধ নামে আখ্যাত।

সুপর্ণং বিপ্রা কবয়ো বচোভি রেকং সন্তং বহুধা কল্পয়ন্তি॥

(ঋক ১০ম)

সেই বস্তুকে কবিগণ নানারূপবিশিষ্ট বলিয়া কল্পনা করিয়া থাকেন। আকাশাৎ পতিতং তোয়ং যথা গচ্ছতি সাগরং। সর্ব্ব-দেব নমস্কারঃ শঙ্করং প্রতি গচ্ছতি॥ আমাদের বেদ, উপনিষদ, গীতা প্রভৃতি সকল শাস্ত্রের মূল এই তত্ত্বটীর প্রাধান্য পরিদৃষ্ট হয়।

যে চান্য-দেবতাভক্তাঃ যজন্তে শ্রদ্ধয়া ন্বিতাঃ।
তে তু মামেব কৌন্তেয় যজন্তি বিধিপূর্ব্বকং॥

(গীতা ৯ম)

যাহারা শ্রদ্ধা পূর্ব্বক অন্য দেবতার আরাধনা করে তাহারাও আমাকেই ভজনা করে। ফল কথা একেতে অনেক, অনেকেতে এক বা অনেকেরও অনৈক্যের মধ্যে একেরও ঐক্যের সন্ধান

করিতে এক সদ্‌বস্তুর অনন্ত বিভূতি স্বীকার পূর্ব্বক সাধকের সামর্থ্যানুসারে প্রতীকোপাসনার সাহায্যে ঈশ্বরের প্রকৃত স্বরূপের ধারণা করিতে শিক্ষা দেওয়াই হিন্দু ধর্ম্মের বীজভূত তত্ত্ব, উহাই সকল শাস্ত্রের সার কথা। যিশু, মহম্মদ, জিন, বুদ্ধ প্রভৃতি মহাপুরুষদিগের প্রবর্ত্তিত ধর্ম্মের প্রতি বিদ্বেষ হিন্দুধর্ম্মের অনুমোদিত নহে।

যদ্‌ যদ্বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিত মেব বা।
তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভূতম্‌॥

এই জগতে যাহা ঐশ্বর্য্যযুক্ত, শ্রীসম্পন্ন ও শ্রেষ্ঠ তৎ সমুদয় তাঁহার অংশভূত। এই উদার শিক্ষার ফলে শাক্যসিংহ বিষ্ণুর অবতার বলিয়া পরিগণিত এবং পীর পয়গম্বর হিন্দুর শ্রদ্ধার পাত্র। অনন্তপ্রেরিত পুরুষে বিশ্বাস স্থাপন করিয়া তাঁহার করুণার বা বিভূতির সীমা নির্দ্দেশ করা সঙ্গত নহে। ঐশ্বরিক বিভূতির অনন্তত্ব উপলব্ধি করিয়া আমাদের মহর্ষিরা উপাসকদিগকে আপনাদিগের রুচি ও প্রকৃতি ভেদে উপাস্য দেবতার রূপ কল্পনা করিবার স্বাধীনতা দান করিয়াছেন। অন্যান্য ধর্ম্মে যেরূপ উপাস্য দেবতার আকৃতি প্রকৃতি নির্দ্দিষ্ট ও সীমাবদ্ধ করিয়া উপাসকদিগের স্বাধীন চিন্তার পথ নিরুদ্ধ ও অপর ধর্ম্মের উপাস্য দেবতার প্রতি বিদ্বেষ পোষণ পথ পরিষ্কৃত, হিন্দু ধর্ম্মে সেরূপ নাই। ঈশ্বরের বিভূতি বিশেষের শ্রেষ্ঠত্ব স্বীকার করা উপাসকের সাধনার প্রথম অবস্থার চিত্তের একাগ্রতা সম্পাদনের পক্ষে অত্যন্ত উপযোগী জানিয়া মহর্ষিরা উপাসকদিগকে স্ব স্ব উপাস্য দেবতার শ্রেষ্ঠতা স্বীকার করিবার স্বাধীনতা প্রদান করিয়াছেন। মনুষ্যপ্রকৃতির

বৈচিত্রের প্রতি লক্ষ্য রাখিয়া উপাসনা প্রণালী বিষয়েও মহর্ষিরা উপাসকদিগকে বহু পরিমাণে স্বাতন্ত্র্য দান করিয়াছেন।

উপাস্য যাহাই হউক, উপাসনা প্রণালী যেরূপেই হউক, ভক্তি থাকিলেই মুক্তি লাভ ইহা সর্ব্বশাস্ত্রের মত। এইরূপ ভক্তির প্রাধান্য স্বীকার করিয়া অধিকারী ভেদে যোগ, কর্ম্ম ও জ্ঞান মার্গ অবলম্বন করিবার স্বাধীনতা উপাসকদিগের আছে। অসভ্য বন্য জাতীয় রাজার গৃহে একটীর অধিক প্রবেশ পথ থাকে না, সেইরূপ ঈশ্বরের নিকট যাইবার একটীর অধিক পথ নাই, ইহা হিন্দু ধর্ম্মানুমোদিত নহে। হিন্দুর ভগবান সহস্রদ্বার ও সহস্র সোপান বিশিষ্ট প্রাসাদে থাকেন। ভক্তি, যোগ, কর্ম্ম, জ্ঞান প্রভৃতি বিবিধ সোপান পথে সাধক তাঁহার নিকট উপস্থিত হইতে পারে।

ত্রয়ী সাংখ্যং যোগঃ পশুপতিমতং বৈষ্ণব মিতি
প্রভিন্নে প্রস্থানে পর মিদমদঃ পথ্য মিতিচ।
রুচীনাং বৈচিত্র্যা দৃজু কুটিল নানা পথ জুষাং
নৃণামেকো গম্যস্ত্বমসি পয়সা মর্ণব ইব॥

এইরূপে ঐশ্বরিক বিভূতির অনন্তত্ব ও সাধন মার্গের অনেকত্ব স্বীকার করিয়া মহর্ষিরা মানবের চিত্তের সঙ্কীর্ণতা দূর করিবার ব্যবস্থা করিয়াছেন।

---

(৫)

বেদাদি শাস্ত্রের প্রমাণানুসারে বুঝা যায় কর্ম্ম হইতে মুক্তি লাভ হয়, এবং কর্ম্ম হইতে সংসারবন্ধন হয়, মুক্তি অর্থে বন্ধনচ্ছেদ,

কর্ম্মবাদীর মতে ইহা অক্ষয় স্বর্গ, সংসার বন্ধন অর্থে নশ্বর স্বর্গ, নরক জন্মান্তর। একই শাস্ত্রে কর্ম্মের এই দুই প্রকার ফল নির্দ্দেশ থাকাতে আমরা সন্দিহান হইয়া পড়ি। শাস্ত্রবাক্যের বিরোধ দর্শনে শাস্ত্রের প্রতিও অবিশ্বাস হয়। সুতরাং এ বিষয়ের যুক্তি দ্বারা মীমাংসা আবশ্যক। কেহ বলিতে পারেন, বিরোধ আবার কি, কর্ম্ম নানা প্রকার তন্মধ্যে সোম যাগ প্রভৃতি মহৎ মহৎ কর্ম্ম হইতে মুক্তি লাভ এবং অন্যান্য যাগ প্রভৃতি ক্ষুদ্র কর্ম্ম হইতে সংসারবন্ধন হয়। ইহা বলিলে, আপাততঃ বিরোধ নাই, ইহা কিন্তু বিচারে স্থায়ী প্রতিপন্ন হয় না। কেননা, বেদে স্পষ্ট লিখিত আছে যে কোন কর্ম্মই মুক্তির কারণ হইতে পারে না। বেদে লিখিত আছে যে, ইহকালের সুখ ভোগ যেমন নশ্বর, পরকালের সুখভোগও তেমনই নশ্বর, অবিনশ্বর সুখ হইতে পারে না। যে বস্তুর উৎপত্তি আছে তাহার বিনাশ নিশ্চিত। কর্ম্মফলে স্বর্গসুখ উৎপত্তি স্বীকার করিলে তাহারও বিনাশ অবশ্যম্ভাবী। সুতরাং অক্ষয় স্বর্গ অলীক, তবে অক্ষয় স্বর্গ মর্ম্ম সুদীর্ঘ কাল-ভোগ্য অর্থাৎ প্রলয় পর্য্যন্ত ভোগ্য স্বর্গ, গীতায় স্পষ্ট ব্যক্ত যে নিষ্ঠাবান বেদজ্ঞ ব্যক্তি সোম যাগ করিয়া আমার নিকট স্বর্গ প্রার্থনা করে; এবং তাহার ফলে স্বর্গ লাভ করিয়া পুণ্যক্ষয়ে পৃথিবীতে পতিত হয়। অতএব যাগাদির দ্বারা স্বর্গ লাভ হয় বটে, কিন্তু তাহা অক্ষয় নহে। সুতরাং পতন ও জন্মান্তর হয়। তাহা হইলে সংসার বন্ধনের নিবৃত্তি কিরূপে। অক্ষয় স্বর্গ নামক মুক্তি না থাকিলেও যেরূপ মুক্তি অপরে মানিয়া থাকেন, অর্থাৎ চির-কালের জন্য দুঃখনিবৃত্তি বা ব্রহ্মভাব সেই মুক্তি অবলম্বনে অনেকে মত দেন যে কর্ম্ম ও জ্ঞান একত্র মিলিয়া মুক্তি সম্পাদন করে।

যে কর্ম্ম জ্ঞানের সহিত অনুষ্ঠিত না হয়, তাহা হইতে সংসার-বন্ধন হয়। এই মত কি মতে গ্রাহ্যকারণ কর্ম্ম ও জ্ঞান একত্র মুক্তির অব্যবহিত পূর্ব্বক্ষণে থাকিতে পারে না। দেহাদিতে আত্মত্ব অভিমান না থাকিলে, অনুরাগ বিদ্বেষ হয় না। অনুরাগ বা বিদ্বেষ না থাকিলে, কর্ম্মে প্রবৃত্তিও হয় না। আত্মাকে যদি বেদান্তসম্মত নির্গুণ নির্ব্বিকার নিষ্ক্রিয় একমেবাদ্বিতীয়ং চৈতন্য মাত্র বলিয়া প্রগাঢ় প্রতীতি হয়, তখন প্রবৃত্তিমূলক কর্ম্ম সে ব্যক্তির দ্বারা কদাপি হইতে পারে না। কর্ম্ম পরিত্যাগে তাহার ইচ্ছা হয় না, আপনা হইতেই কর্ম্ম তাহাকে পরিত্যাগ করে। উক্ত আত্মজ্ঞান মৌখিক নহে। সাক্ষাৎকারস্বরূপ হইলেই সেই ব্যক্তি জীবন্মুক্ত হয়, এবং কর্ম্ম পরিত্যক্ত হইতে পারে, নচেৎ নহে। কর্ম্ম যাঁহাকে ত্যাগ করিয়াছে সম্মুখে শত রোগার্ত্ত পুত্রের আর্ত্তনাদেও তিনি অচল অটল, দহ্যমান গৃহে থাকিয়াও তিনি নিঃশঙ্ক। যার বাহ্য অভ্যন্তর সমান, শত্রু মিত্র, জীবন মরণ, সুখ দুঃখ সমান, এমন মহাত্মা কি মতে কর্ম্ম করিবেন। যিনি পূর্ণ, যিনি দেখিতেছেন, তিনি ভিন্ন জগতে কিছু নাই, জগৎ নাই, তাহার কর্ম্ম কিরূপে সম্ভবে। কর্ত্তা, করণ ও ক্রিয়া এই সকল বিভিন্ন ভাবের উদ্দীপনায় কর্ম্মের সৃষ্টি, যিনি একমেবাদ্বিতীয়ং তাঁহার কর্ম্ম কিরূপে ঘটিবে। তাঁহার বিষ্ঠা চন্দনে, পণ্ডিত মূর্খে, বেদে বিদ্যাসুন্দরে সমভাব, এই ভাব যাহার মৌখিক নহে, তিনিই প্রকৃত জ্ঞানী তাহার কর্ম্ম অসম্ভব।

একাকী নিস্পৃহঃ শান্তঃ চিন্তা নিদ্রা বিবর্জ্জিতঃ।
বা লভাব স্তথাভাব ব্রহ্মজ্ঞান স্তথোচ্যতে॥

ইহা হইতে বুঝা যায় কর্ম্ম ও জ্ঞানের একত্রে সমাবেশ হইতে পারে না।

আত্মা নির্গুণ না হইলেও দেহাদিতে আত্মত্ব বুদ্ধি এবং দুঃখে সুখত্ব বুদ্ধি প্রভৃতি ভ্রম হইতেই বিষয় বিশেষে অনুরাগ ও বিদ্বেষ জন্মে। আত্মা যে দেহাদি হইতে ভিন্ন এই জ্ঞান দ্বারা সেই ভ্রম নষ্ট হইলে অনুরাগ বিদ্বেষ থাকে না। দৈহিক সম্বন্ধ বন্ধনে স্নেহ মমতার আশ্রয় স্ত্রী পুত্রাদির প্রতি অনুরাগ বা শত্রুর প্রতি বিদ্বেষ থাকে না; বিনশ্বর স্বর্গসুখের পরিণাম চিন্তা করিয়া স্বর্গভ্রংশের ক্লেশ মনে করিয়া সেই সুখ:কও আর সুখ বলিয়া মনে হয় না। এই জ্ঞান দৃঢ় হইলে সুখ বোধে যে স্বর্গের প্রতি অনুরাগ ছিল, সুখবোধ দুর হওয়ায় সে অনুরাগ আর থাকে না। তখন কর্ম্মপ্রবৃত্তি কেন আর হইবে। যোগমতে আত্মা নির্গুণ, সুখ দুঃখ প্রকৃতির ধর্ম্ম, আত্মধর্ম্ম নহে। প্রকৃতি যে আত্মা নহে, আত্মা যে প্রকৃতি হইতে পৃথক্ এই জ্ঞান হইলে আত্মা ও প্রকৃতির যে অভেদ ভ্রম তাহা বিনষ্ট হয় সুতরাং কোন সুখেই অনুরাগ থাকে না। এই সকল হইতে বুঝা যায় যে কোন মতেই তত্ত্বজ্ঞান ও কর্ম্ম একত্র মিলিত হইয়া মুক্তিসম্পাদন করিতে পারে না। যদি ধরা যায় কর্ম্ম শব্দের অর্থ অদৃষ্ট, জ্ঞান হইবার পূর্ব্বে কর্ম্ম করিয়াছি, তাহার ফলে অদৃষ্ট। সেই অদৃষ্ট ও তত্ত্বজ্ঞান একত্র মিলিত হইয়া মুক্তি দান করে, ইহাতেও ঠিক বুঝা যায় না, কারণ জ্ঞান যদি মুক্তির কারণ হয়, তবে অদৃষ্টকে পৃথক কারণ বলিব কেন? বেদাদিতে প্রমাণ হইয়াছে কর্ম্ম ও জ্ঞান মিলিত হইয়া মুক্তিসম্পাদন করে, কেবল তত্ত্বজ্ঞান কারণ নয়। এই হইতে বুঝায় যে কর্ম্ম ও আত্মতত্ত্ব, বিষয়ে শাস্ত্রীয় উপদেশ জ্ঞান হইতে

চিত্তশুদ্ধি হয়, তদ্দ্বারা মুক্তি লাভ হয়। যে ভ্রম আত্মার স্বরূপ আবৃত রাখিয়াছিল সেই ভ্রম দুরীকরণের জন্য আত্মজ্ঞানের আবশ্যক, সেই ভ্রম নষ্ট হইলে চিরপ্রকাশ আত্মস্বরূপ, মোক্ষরূপে প্রকাশ পায়। অনেকের মতে চির কালের জন্য দুঃখনিবৃত্তিই মুক্তি; পুনর্জ্জন্ম প্রতিরুদ্ধ হইলেই এই দুঃখনিবৃত্তি। ধর্ম্মাধর্ম্ম না থাকিলে পুনর্জ্জন্ম হয় না, অনুরাগ দ্বেষ না থাকিলে ধর্ম্মাধর্ম্ম হয় না, ভ্রম ব্যতীত অনুরাগ ও বিদ্বেষ হয় না, এইরূপে আমরা ক্রমেই বিকৃত হইয়া প্রকৃত পন্থা পাই নাই।

যঃ জানাতি স জানাতি নান্যে বাদরতা জনাঃ।
শাস্ত্রারণ্যে ভ্রমন্তীতি তে নিষ্কৃতিনাপি ক্বচিৎ॥

শাস্ত্রেই কর্ম্মের দোষ কীর্ত্তন আছে, আবার তাহাতেই কর্ম্মের বিধি আছে, ইহা প্রতারণা নহে।

সকলের রুচি সমান নহে, সকলের শক্তিও সমান নহে, কিন্তু শাস্ত্র সকলেরই হিতকারী,যাহার যেমন রুচি এবং শক্তি তদনুসারে শুভ পথে লইয়া যাওয়াই শাস্ত্রের লক্ষ্য। বৈদ্য যেমন ধাতুভেদে একই রোগীকে ভিন্ন ভিন্ন ব্যবস্থা করেন, ইহাও তদ্রূপ। সেইরূপ যে সকল ব্যক্তি নরকের ভয় না করিয়া তুচ্ছ সুখের লোভে কত কুকর্ম্ম করিতেছে, তাহারা যদি স্বর্গসুখের লোভে কুকর্ম্ম হইতে বিরত হয়, বৈধ কর্ম্ম করে, তাহার ফলে উচ্ছৃঙ্খলতা নিবারিত এবং আংশিক সংযমের পরিচয় তাহার হইয়া থাকে। বৈধ কর্ম্ম ফলে স্বর্গ ভোগ করিতে পাইলে সত্ত্ব গুণের বৃদ্ধিও হয়, সেই সত্ত্ব গুণ বা দেবভাব যদি মনে প্রবল বা বদ্ধমূল হয়, তখন সত্ত্ব গুণের স্বাভাবিক কার্য্য হইতে থাকে, বিষয়ের দোষ দর্শন ও ভ্রম নিবৃত্তির

চেষ্টা এই সকল হইতে থাকে। তবে উৎকট কামনা থাকিলে রজোগুণই প্রবল সংস্কার রূপে বদ্ধমূল হয়। তাহারই ফলে সংসারাবর্ত্তে ভ্রমণ করিতে হয় বটে, কিন্তু কুকর্ম্মাদি ফলে এই ভ্রমণ যেরূপ অবশ্যম্ভাবী এবং দীর্ঘতর কাল ব্যাপক বৈধ কর্ম্মের ফলে তাহা হইতে পারে না। কেননা দেবভাব প্রবল হইলে তত্ত্ব-জ্ঞানের দিকেই অগ্রসর হয়, অতএব ভ্রমণ অবশ্যম্ভাবী নহে, কামনা বদ্ধমূল হইলেও দেবভাবপ্রসূত আবৃত সত্ত্বগুণ কোন না কোন সময়ে বৈরাগ্য আনয়ন করিয়া মুক্তি লাভের সহায়তা করে; সুতরাং দীর্ঘকাল ব্যাপী ভ্রমণের লাঘব করিতে পারে। বৈধ এবং নিষিদ্ধ কর্ম্মমাত্রই প্রবৃত্তি জন্য যত দিন দেহ থাকে, ততদিন সকল কর্ম্ম পরিত্যক্ত হইতে পারে না বা সকল কর্ম্ম কাহাকেও ত্যাগ করিতে পারে না। প্রবৃত্তিমূলক কর্ম্মই তত্ত্বজ্ঞানীকে পরিত্যাগ করে; এই জন্য শাস্ত্রোক্ত কর্ম্ম ও তত্ত্বজ্ঞান একত্র মিলিতে পারে না। বিশ্বে প্রাণিমাত্রেই প্রবৃত্তিমূলক কর্ম্মের অনুরাগী, ধর্ম্মহীন ভোগই উপভোগ; উপভোগে কামনা বৃদ্ধি হয়, ধর্ম্মপূত ভোগে বিষয় দোষে দর্শন ঘটে, এই ধর্ম্মপূত ভোগের মূল বৈধ কার্য্য কর্ম্ম-নিহিত, বৈধ কাম্য কর্ম্ম মুক্তির সন্নিহিত বা নিয়ত উপায় না হইলেও প্রথম এবং সাধারণ উপায়রূপে গৃহীত হইতে পারে; কিন্তু এই স্পৃহা নিবৃত্তি না হইলে দ্বিতীয় সোপানে পদার্পণ করা যায় না। যে ব্যক্তি কামনার তাড়নায় নিষিদ্ধ কর্ম্ম করিতে পারে সে যদি বৈধ কর্ম্মের সময়ে সাত্ত্বিক সাজিয়া নিষ্কাম ভাব দেখায় তাহা তামস ভাবেরই পরিচায়ক। কাম্য কর্ম্মফলে অবিশ্বাসেরই পরিচয়। যে ব্যক্তি প্রথম সোপানেরও অনেক দূরে আছে, তাহার দ্বিতীয় সোপানে উঠিতে বহু বিলম্ব। সেই প্রথম সোপান

হইতেই যিনি অবিশ্বাসের আকর্ষণে বিচলিত হইলেন, তাহার পথ বৃদ্ধি হইয়া গেল, আর যে মহাত্মা আপনার অবস্থা বুঝিতে পারিয়া এবং সেই মোহমায়া হৃদয়ঙ্গম করিয়া ভগবানকে ডাকিতে লাগিলেন, তিনি দ্বিতীয় সোপানে উঠিবার অধিকারী। তখন তাঁহার কাম্য কর্ম্মে বিরাগ হইবে, নিত্য নৈমিত্তিক ও প্রায়শ্চিত্তে অনুরাগ হইবে, কাম্য কর্ম্মের দোষ এবং নিত্য নৈমিত্তিক বিধিমার্গ তাঁহাদের জন্যই উপদিষ্ট। কাম্য কর্ম্মের অন্তর্গত কাম্য উপাসনায় বিষয় কামনা আছে, প্রার্থনা আছে, পূজা আছে, ধ্যান আছে, তখন উপাস্য দেবতা ব্যতীত আমার কামনা পূর্ণ করিবার যে আর কেহ নাই, এই অবিচলিত বিশ্বাস সে অবস্থায় থাকে না, তখন দৃঢ়তা থাকে না, পীড়ার জন্য চণ্ডীপাঠ, তুলসী দেওয়া ও চিকিৎসকের নিকট যাতায়াত সেই অবস্থায় বর্ত্তমান থাকে। দ্বিতীয় সোপানে সেরূপ ভোগেও আকাঙ্ক্ষা থাকে না, কেননা ভোগ্যের ভোগক্ষয়ে পতন অনিবার্য্য, এই আশঙ্কা তখন প্রবল থাকে। তৃতীয় সোপানে বিষয় দোষ দর্শন করিয়া বিষয় কামনা থাকে না। কামনার প্রভাবে যে কর্ম্ম করিয়া তাহাকে বন্ধনের গণ্ডীতে পড়িতে হয়; কামনাত্যাগে সেই কর্ম্ম নিস্কাম ভাবে করিয়াই সে মুক্তি লাভে অধিকারী হয়। যতদিন প্রবৃত্তি বা প্রবৃত্তিবাসনা থাকিবে, ততদিন ধর্ম্ম কর্ম্ম করিতে হইবে, সেই কর্ম্ম উপাসনাত্মক হইলে এবং উপাস্য দেবতার দর্শনাদি জন্য অনুষ্ঠিত হইলে তাহা কামনা যুক্ত ব্যক্তির আশাতিরিক্ত ভোগ স্বর্গ ও তদবসানে মোক্ষাধিকার এবং নিস্কাম পুরুষের তত্ত্বজ্ঞান দ্বারা মুক্তি সম্পাদন করিয়া থাকে। অতএব কর্ম্ম মাত্রেই যে স্বয়ং বন্ধন বা মোক্ষের হেতু তাহা নহে, আবার বন্ধন ভয়ে কর্ম্ম

পরিত্যাগও কর্ত্তব্য নহে। বিষয় কামনা পরিত্যাগই কর্ত্তব্য; বিষয় কামনাই সংসার বন্ধনের প্রকৃত কারণ, কর্ম্ম নহে, বিষয় কামনা না থাকিলে বৈধ কর্ম্ম চিত্তশুদ্ধি দ্বারা নিয়ত মুক্তির প্রয়োজক হইয়া থাকে। কায়িক, মানসিক এবং বাচিক ত্রিবিধ উপাসনাই ভোগার্থী এবং মুমুক্ষু দ্বিবিধ অধিকারীরই আছে। রাজ্যার্থী এবং মুমুক্ষু সকলেই সমভাবে শাস্ত্রোক্ত বিধি অনুযায়ী অর্চ্চনা করিবে, ব্রহ্মজ্ঞান প্রার্থী বলিয়া প্রতিমাপূজা ত্যাগ করিতে হইবে না।

—o—

২য় স্নান

প্রাতঃকৃত্য।

ব্রাহ্মে মুহূর্ত্তে উথায় শয্যায়ামেব বদ্ধপদ্মাসনঃ স্বস্তিকাসনস্থো বা শিরস্থাধোমুখ সহস্রদল কমল কর্ণিকান্তর্গতোর্দ্ধমুখ দ্বাদশার্ণ সরসীরুহোপরিস্থিত শরদিন্দুসুন্দর পূর্ণচন্দ্র মণ্ডলান্তর্গত হংসপীঠ নিষণ্ণং নিজগুরুং ধ্যায়েৎ।

প্রাতঃকৃত্য অবশ্য কর্ত্তব্য। ইহা না করিলে সন্ধ্যা বা পূজা-দিতে অধিকার হয় না। যদি কেহ সূর্য্যোদয়ের পূর্ব্বে দৈবাৎ প্রাতঃকৃত্য করিতে না পারেন তাহা হইলে সূর্য্যোদয়ের পর ঐং মন্ত্র দশবার জপ দ্বারা প্রায়শ্চিত্ত করিয়া করিবেন। রাত্রিকে আট ভাগে বিভক্ত করিয়া সর্ব্বশেষ ভাগের ১ এক অংশের নাম ব্রাহ্ম মুহূর্ত্ত। সেই সময় নিদ্রা হইতে নিজ ইষ্ট দেবতাকে স্মরণ করিয়া উঠিয়া শয্যাতে উপবিষ্ট হইয়া প্রাতঃকৃত্য করিবে। কোন তন্ত্রে শয্যাতে প্রাতঃকৃত্যের ব্যবস্থা, আবার কোন তন্ত্রে বিন্ম্যাদি ত্যাগ করিয়া ব্যবস্থা আছে, পরন্তু শয্যাতেই শ্রেয়ঃ।

শ্যামারহস্য কৃত গুরু ধ্যান।

শুদ্ধ স্ফটিক সঙ্কাশং শুদ্ধ ক্ষৌম বিরাজিতং
গন্ধানুলেপনং শান্তং বরাভয়করাম্বুজং।
মন্দস্মিতং নিজগুরুং কারুণ্যেনাবলোকিতং
বামোরু শক্তি সংযুক্তং শুক্লাভরণভূষিতং।
স্বশক্ত্যা দক্ষহস্তেন ধৃত চারু কলেবরং

বামে ধৃতোৎপলায়াশ্চ সুরক্তায়াঃ সুশোভনং
পরানন্দরসোল্লাসে লোচনদ্বয় পঙ্কজং ॥

সর্ব্বত্র প্রাতঃকৃত্যের সময় নিজ ক্রোড়ে বামহস্তোপরি দক্ষিণ হস্ত স্থাপন করিবে। পরন্তু সাধারণ নিয়ম এই যে পুং দেবতার ধ্যান কালে বামহস্তের উপর দক্ষিণ হস্ত এবং স্ত্রী দেবতার ধ্যান কালে দক্ষিণ হস্তের উপরি বামহস্ত স্থাপন করিতে হয়। ধ্যান বলিয়া কোন মন্ত্র নাই। রূপ চিন্তা মাত্র। দীক্ষাদাতা গুরু স্ত্রীলোক হন তবে নিম্নোক্ত ধ্যান করিবে।

তরুণারুণ বস্ত্রাভাং করুণাপূর্ণলোচনাং।
বরাভয়করাং শান্তাং স্মরামি নবগৌরবীম্ ॥

এইরূপে গুরুদেবকে সদা শিব মূর্ত্তি (স্ত্রী হইলে শক্তি মূর্ত্তি) চিন্তা করিয়া মনে মনে গন্ধপুষ্প ধূপ দীপ নৈবিদ্য দ্বারা পূজা করিবে। তৎপর ঐং মন্ত্র যথাশক্তি জপ করিয়া নিম্ন মন্ত্রে জপ বিসর্জ্জন করিবে।

গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্।
সিদ্ধির্ভবতু তৎ সর্ব্বং তৎপ্রসাদান্মহেশ্বর ॥

শক্তি মন্ত্রের জপ বিসর্জ্জন কালে গোপ্তা স্থলে গোপ্ত্রী, মহেশ্বর স্থলে মহেশ্বরি বলিবে? জপফল তোমাকে সমর্পণ করিলাম এই ভাবিয়া দেবতার দক্ষিণ হস্তে এবং দেবীর বাম হস্তে জপফল সমর্পণ করিবে। তৎপর গুরুনমস্কার করিবে।

অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরং।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥

অজ্ঞান তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।
নমোঽস্তু গুরবে তস্মৈ ইষ্টদেব স্বরূপিণে।
যস্য বাক্যামৃতং হন্তি বিষং সংসারসংজ্ঞিতং।

স্ত্রী গুরু প্রণাম।—

ব্রহ্ম বিষ্ণু শিবত্বাদি জীবমুক্তি প্রদায়িনী।
জ্ঞান বিজ্ঞান দাত্রী চ তস্যৈ শ্রীগুরবে নমঃ॥

সমর্থ হইলে স্তব কবচ পাঠ করিতে পারেন। তৎপর গুরুর আজ্ঞা লইয়া কুলকুণ্ডলিনীর ধ্যান করিবে। বিস্তারিত কুলকুণ্ডলিনী সম্বন্ধে আমার—দল সাধনে বিবৃত আছে। সংক্ষিপ্ত নিম্নে বিবৃত হইল।

ধ্যান।—

ওঁ প্রসুপ্ত ভুজগাকারং স্বয়ম্ভূলিঙ্গ মাশ্রিতাম্।
বিদ্যুৎকোটিপ্রভাং দেবীং বিচিত্র বসনান্বিতাং।
শৃঙ্গারাদি রসোল্লাসাং সর্ব্বদা কারণপ্রিয়াম্॥

মেরু দণ্ডের বামভাগে ঈড়া নাড়ী, দক্ষিণে পিঙ্গলা ও মধ্যে সুষুম্না নাড়ী আছে।

এই সুষুম্না নাড়ীর গ্রন্থি বিশেষে যথাক্রমে ষট্‌চক্র বা ষট্‌পদ্ম আছে। মূলাধার পদ্ম চতুর্দ্দল, রক্তবর্ণ, ইহা মলদ্বারের চারি অঙ্গুলি উপরে স্থিত।

স্বাধিষ্ঠান পদ্ম—ষড়্‌দল, বিদ্যুতের ন্যায় বর্ণ ইহা লিঙ্গমূলে অবস্থিত।

মণিপুরক পদ্ম—দশদল, নীলবর্ণ, ইহা নাভিদেশে অবস্থিত।

অনাহত পদ্ম—দ্বাদশ দল, প্রবাল বর্ণ ইহা হৃদয় দেশে সংস্থিত।

বিশুদ্ধ পদ্ম—ষোড়শ দল, ধূম্রবর্ণ ইহা কণ্ঠ দেশে অবস্থিত।

আজ্ঞা পদ্ম—দ্বিদল, শ্বেতবর্ণ ভ্রূমধ্যে স্থিত। এই ষট্ পদ্মের উপরে ব্রহ্মরন্ধ্র স্থিত আর একটী শুক্লবর্ণ সহস্রদল পদ্ম আছে।

অথ চৌর গণেশ ন্যাসঃ—তত্র প্রথমং হৃদয়ে ক্রোং ইতি দশধা জপ্ত্বা যথাস্থানে দশধা একধা বা তত্তৎমন্ত্রং জপেৎ।

দক্ষনেত্রে হ্রীঁ হ্রীং। বাম নেত্রে হ্রাং হ্রাং, দক্ষ কর্ণে হ্রাং হ্রীং। বাম কর্ণে হ্রাং হ্রীং দক্ষ নাসাপুটে হূং হূং। বাম নাসা পুটে হূং হূং। মুখে স্ত্রীং স্ত্রীং নাভৌ ক্লীং। লিঙ্গমূলে হেসৌঃ। গুহ্যে ব্লূং ভ্রূমধ্যে হূং।

সমর্থ হইলে ইহার পর অজপা জপ করিতে হয়।

অথ ইষ্টদেবতাং ধ্যাত্বা যথাশক্তি মনসা সংপূজ্য ইষ্টমন্ত্রং যথাশক্তি জপ্ত্বা জপং সমাপ্য প্রণমেৎ। সমর্থশ্চেৎ ইষ্টদেবতা স্তবকবচ মপি পঠেৎ। জপকালে প্রাণায়ামস্তাবশ্যকং।

ততঃ প্রার্থয়েৎ।

ওঁ ত্রৈলোক্য চৈতন্যময়ি ত্রিশক্তে শ্রীবিশ্ব মাতর্ভবদাজ্ঞায়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং সংসারযাত্রা মনুবর্ত্তয়িষ্যে।

ওঁ প্রিয়দত্তায়ৈ ভুবে নমঃ ইতি পৃথিবীং প্রণম্য বামপাদ পুরঃসরং বহির্গত্বা মুখপ্রক্ষালনং কুর্য্যাৎ।

মুখপ্রক্ষালন মন্ত্রঃ ক্লীং কামদেবায় সর্ব্বজনপ্রিয়ায় স্বাহা (নমঃ)।

সন্ধ্যা।—

বৈদিক সন্ধ্যার পর তান্ত্রিক সন্ধ্যা করা বিধি। অসমর্থ পক্ষে বৈদিক গায়ত্রী দশবার জপ করিলে বৈদিক সন্ধ্যার ফল প্রাপ্ত হইবেন। মহানির্ব্বাণ তন্ত্র ও গায়ত্রী তন্ত্র প্রভৃতিতে ব্যবস্থা আছে যে বর্ত্তমান কলিযুগের প্রবলতা সময়ে বৈদিক সন্ধ্যা করণে কাহারও অধিকার নাই। বৈদিক গায়ত্রী জপেই সম্পূর্ণ ফল হইবেক। সন্ধ্যার কাল অতীত হইলে দশবার গায়ত্রী জপ প্রায়শ্চিত্ত করিয়া সন্ধ্যা করিবেন। যদি উভয়বিধ সন্ধ্যা পতিত হয় তাহা হইলে বৈদিক গায়ত্রী জপরূপ প্রায়শ্চিত্ত করিয়া উভয়-বিধ সন্ধ্যা করিবেন। স্ত্রী শূদ্র তান্ত্রিক গায়ত্রী জপ দ্বারাই প্রায়শ্চিত্ত করিবেন। আচমনের নিয়ম এই যে দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠা মুক্ত রাখিয়া তর্জ্জনী মধ্যমা ও অনামা সংহত ও ঊর্দ্ধমুখ রাখিবেন। পরে ব্রাহ্মণ তীর্থে অর্থাৎ অঙ্গুষ্ঠ মূলের নিকট একটী মাষকলাই নিমগ্ন হয় এরূপ জল লইয়া মন্ত্র পাঠ পূর্ব্বক পান করিবে। জল পান কালে যেন শব্দ না হয়। স্বাহা ও প্রণব উচ্চারণে স্ত্রী ও শূদ্রের অধিকার নাই। অতএব তাঁহারা প্রণব স্থলে ঐঁ ও স্বাহা স্থলে নমঃ উচ্চারণ করিবেন। ওঁ আত্ম তত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যা তত্ত্বায় স্বাহা ওঁ শিবতত্ত্বায় স্বাহা ইতি ত্রিরাচম্য সন্ধ্যা পূজাদি সময়ে হস্তে কুশ ধারণ করিতে হয়, শাক্তদিগের পক্ষে বন্য কুশ ধারণের বিধি নাই। এই বিষয় শ্যামারহস্যে—

তর্জ্জন্যা রজতং ধার্য্যং স্বর্ণং ধার্য্য মনামযা।
এষ এব কুশঃ শাক্তে ন দর্ভো বনসম্ভবঃ॥

ততো জলে অঙ্কুশমুদ্রয়া, গঙ্গে চ যমুনে চৈব গোদাবরী

স্বরস্বতী। নর্ম্মদে সিন্ধু কাবেরী জলেঽস্মিন্ সন্নিধিং কুরু। দক্ষিণ হস্ত মুষ্টিবদ্ধ করিয়া তর্জ্জনী প্রসারণ পূর্ব্বক তাহার অগ্রভাগ ঈষৎ বক্র করিবে; ইহাই অঙ্কুশ মুদ্রা, দক্ষ মুষ্টিং বিধায়াথ তর্জ্জন্যঙ্কুশ-রূপিণী। অঙ্কুশাখ্যা মহামুদ্রা ত্রৈলোক্যাকর্ষণক্ষমা॥

জ্ঞানার্ণব তন্ত্র। ততঃ তীর্থ মাবাহ্য মূলেন ত্রিবারং ভূমৌ জলং ক্ষিপেৎ।

তজ্জলেন সপ্তধা মূর্দ্ধান মভিষিঞ্চেৎ।

